AME (ICC RTHD)
28/04/2022


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সমন্বয় ও প্রশিক্ষণ অধিশাখা
www.rthd.gov.bd


নং-৩৫.০০.০০০০.০২৬.০৬.০০৩.২০-১৬২

তারিখঃ ১৫ বৈশাখ ১৪২৯
২৮ এপ্রিল ২০২২

**বিষয়ঃ সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে গত ১৭ এপ্রিল ২০২২ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী এতদসংগে প্রেরণ করা হল। উক্ত কার্যবিবরণীতে উল্লিখিত স্ব-স্ব বিষয়ের উপর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন (Nikosh ফন্টে হার্ড ও সফট কপি) ই-মেইলে (dstraco@rthd.gov.bd) আগামী ০৫ মে ২০২২ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তিঃ বর্ণনামতে


28/4/22
(ফাহমিদা হক খান)
উপসচিব
☏২২৩৩৮০৯৬৬
E-mail: dstraco@rthd.gov.bd


**বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
২. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৩. নির্বাহী পরিচালক, ডিটিসিএ, নগর ভবন, ঢাকা
৪. চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, চেয়ারম্যানবাড়ী, নতুন বিমানবন্দর সড়ক বনানী, ঢাকা
৫. চেয়ারম্যান, বিআরটিসি, ২১ রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা
৬. ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা
৭. ব্যবস্থাপনা পরিচালক, বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানি লিমিটেড, উত্তরা, ঢাকা
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, সড়ক রক্ষণাবেক্ষণ তহবিল বোর্ড, নিউ বেইলী রোড, ঢাকা
৯. যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১০. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, টেকনিক্যাল সার্ভিস/মেকানিক্যাল/ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১১. উপসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১২. সম্পত্তি ও আইন কর্মকর্তা, সওজ অধিদপ্তর, প্রধান কার্যালয়/ঢাকা/খুলনা/চট্টগ্রাম জোন
১৩. পরিচালক (নিরীক্ষা ও হিসাব), সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১৪. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা
১৫. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, প্রশাসন ও সংস্থাপন, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১৬. প্রধান বৃক্ষপালনবিদ, সওজ, পাইকপাড়া, মিরপুর, ঢাকা
১৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১৮. সিনিয়র সহকারী সচিব (সকল)/সহকারী সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৯. হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

**অনুলিপি: (সদয় অবগতির জন্য)**

সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

E:\Coordination Metting\Forwading.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সমন্বয় ও প্রশিক্ষণ অধিশাখা

# মার্চ ২০২২ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : মো: নজরুল ইসলাম
সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ : ১৭ এপ্রিল ২০২২
সময় : সকাল: ১০.০০ মিনিট
স্থান : অনলাইন (জুম অ্যাপস্)
উপস্থিতি : পরিশিষ্ট - ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে অনলাইনে (জুম অ্যাপস্) সভার কাজ শুরু করেন। অত:পর আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করা হয়।

২। আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা ও পর্যালোচনার পর নিম্নের বিবরণ অনুযায়ী সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | **বিগত সভার কার্যবিবরণী নিশ্চিত করা**<br>১৪ মার্চ'২২ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোনো সংযোজন, বিয়োজন বা সংশোধন প্রস্তাব পাওয়া যায়নি। | বিগত সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হল। | উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ২. | **অনিষ্পন্ন বিভাগীয় মামলা নিষ্পত্তিকরণ:**<br>**মার্চ'২২ পর্যন্ত বিভাগীয় মামলার তথ্যাদি** | | |

| দপ্তর/সংস্থার নাম | ফেব্রুয়ারি'২১ মাস পর্যন্ত অনিস্পন্ন মামলার সংখ্যা | মার্চ'২২ মাসে আগত মামলার সংখ্যা | মোট | নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | | বিবেচ্য মাসে অনিস্পন্ন মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | চাকরিচ্যুতি /বরখাস্ত | দন্ড | অব্যাহতি | মোট | |
| সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | ০৪ | ০১ | ০৫ | - | - | - | - | ০৫ |
| সড়ক ও জনপথ অধিদপ্তর | ০১ | - | ০১ | - | ০১ | - | - | - |
| বিআরটিএ | ১১ | - | ১১ | - | - | - | - | ১১ |
| বিআরটিসি | ৩২ | ০৮ | ৪০ | - | ১০ | ০২ | ১২ | ২৮ |
| ডিটিসিএ | - | - | - | - | - | - | - | - |
| মোট | ৪৮ | ০৯ | ৫৭ | - | ১১ | ০২ | ১৩ | ৪৪ |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ:**<br>যুগ্মসচিব (প্রশাসন) জানান, মার্চ'২২ পর্যন্ত চলমান ০৫টি মামলার মধ্যে ২টি মামলার শুনানী অনুষ্ঠিত হয়েছে। শুনানী শেষে গত ২৭.০২.২০২২ তারিখে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। অপর ১টি মামলায় ২৩.১১.২০২১ তারিখে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। ১টি মামলায় ২য় কারণ দর্শানোর নোটিশ গত ৩০.০৩.২০২২ তারিখে জারি করা হয়েছে। ১টি মামলায় ০৪.০৪.২০২২ তারিখে শুনানী অনুষ্ঠিত হয়েছে। তদন্ত কর্মকর্তা জনাব মোঃ আব্দুল্লাহ আল মাসুদ, সিনিয়র সহকারী সচিব তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন এবং ফাহমিদা হক খান, উপসচিব শীঘ্রই প্রতিবেদন দাখিল করবেন। | চলমান বিভাগীয় মামলা নিষ্পত্তিকল্পে কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং তদন্ত প্রতিবেদনের আলোকে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন) |
| | **সওজ অধিদপ্তর:**<br>প্রধান প্রকৌশলী, সওজ জানান, সওজ অধিদপ্তরের চলমান বিভাগীয় মামলা ছিল ১টি। মামলাটি নিষ্পত্তি হওয়ায় বর্তমানে কোনো বিভাগীয় মামলা নেই। | বিভাগীয় মামলা রুজু হলে বিধি-বিধান অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ |
| | **বিআরটিএ:**<br>চেয়ারম্যান, বিআরটিএ জানান, বিধি-বিধান অনুযায়ী মামলা নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রয়েছে। মার্চ'২২ মাস পর্যন্ত বিভাগীয় মামলার সংখ্যা ১১টি। ১১টি মামলার মধ্যে আদালতে ১টি ও দুদকে ৬টি মামলা চলমান থাকায় সিদ্ধান্ত/আদেশ অপেক্ষমান রয়েছে। ১টি মামলার তদন্ত প্রতিবেদন পাওয়া গিয়েছে। ৩টি বিভাগীয় মামলা তদন্তাধীন রয়েছে। মামলা নিষ্পত্তির লক্ষ্যে কার্যক্রম অব্যাহত রাখা এবং তদন্ত কার্যক্রম ত্বরান্বিত করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | বিভাগীয় মামলা নিষ্পত্তির লক্ষ্যে কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং তদন্ত কার্যক্রম ত্বরান্বিত করে প্রতিবেদন দাখিল করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/ উপসচিব (আইন) |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **বিআরটিসি:**<br>চেয়ারম্যান, বিআরটিসি জানান, ফেব্রুয়ারি'২২ পর্যন্ত বিভাগীয় মামলার সংখ্যা ছিল ৩২টি। মার্চ'২২ মাসে ৮টি মামলা রুজু এবং ১২টি মামলা নিষ্পত্তি হওয়ায় বর্তমানে অনিষ্পন্ন মামলার সংখ্যা ২৮টি। নিষ্পত্তি কার্যক্রম অব্যাহত আছে। | বিভাগীয় মামলার নিষ্পত্তি কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি |
| ৩. | **আদালতে অনিষ্পন্ন মামলা**<br>**মার্চ'২২ সময় পর্যন্ত মামলার তথ্যাদি নিম্নরূপ:** | | |

| দপ্তর/সংস্থার নাম | ফেব্রুয়ারি'২২ মাস পর্যন্ত অনিষ্পন্ন মামলার সংখ্যা | মার্চ'২২ মাসে আগত মামলার সংখ্যা | মোট | বিবেচ্যমাসে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | মামলার ফলাফল | | মাস শেষে পেন্ডিং মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | সংস্থার পক্ষে | বিপক্ষে | |
| সওজ অধিদপ্তর | ৩৮৬১ | ০৮ | ৩৮৬৯ | ০০ | ০০ | ০০ | ৩৮৬৯ |
| বিআরটিএ | ২৭৯ | ০১ | ২৮০ | ০৩ | ০৩ | ০০ | ২৭৭ |
| বিআরটিসি | ৯৪ | ০০ | ৯৪ | ০০ | ০০ | ০০ | ৯৪ |
| ডিটিসিএ | ০৪ | ০০ | ০৪ | ০০ | ০০ | ০০ | ০৪ |
| মোট | ৪২৩৮ | ০৯ | ৪২৪৭ | ০৩ | ০৩ | ০০ | ৪২৪৪ |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | (ক) আইন অধিশাখার প্রতিকল্প কর্মকর্তা জানান, বর্তমানে কনটেম্পট মামলার সংখ্যা ১২৭টি। তন্মধ্যে ১২৪টি মামলা সওজ অধিদপ্তরের ও ৪টি মামলা বিআরটিএ সংশ্লিষ্ট। কনটেম্পট মামলাগুলো নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দপ্তর/সংস্থার সাথে নিয়মিত যোগাযোগ করা হচ্ছে।<br><br>(খ) এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয় জানান, সওজ অধিদপ্তরের ২১টি চাকুরী সংক্রান্ত কনটেম্পট মামলার বিষয়ে আদালতের সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত আছে।<br><br>(গ) আইন অধিশাখার প্রতিকল্প কর্মকর্তা জানান, প্রশাসনিক ট্রাইব্যুনালের ৪৮টি মামলার বিষয়ে এ বিভাগের আইনজীবী জনাব আব্দুল আজিজ মিয়া (মিন্টু) এর সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। আইনজীবীর মাধ্যমে আদালতে যথাসময়ে জবাব দাখিল ও প্রতিদ্বন্দ্বিতা করার জন্য সভাপতি গুরুত্বারোপ করেন। | (ক) (১) কনটেম্পট মামলাগুলো সতর্কতা ও গুরুত্বের সাথে দেখতে হবে এবং নিয়মিত আইনজীবীদের সাথে যোগাযোগ রাখতে হবে<br>(ক) (২) সওজ অধিদপ্তরের ১২৪টি কনটেম্পট মামলা ও বিআরটিএ'র ৪টি কনটেম্পট মামলা নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ ও আইনজীবীদের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>(খ) চাকুরী সংক্রান্ত কনটেম্পট মামলাগুলোর বিষয়ে আদালতের সাথে নিয়মিত যোগাযোগ রাখতে হবে এবং তথ্যাদি সরবরাহ করতে হবে।<br>(গ) ৪৮টি মামলা নিষ্পত্তির লক্ষ্যে আইনজীবীর সাথে যোগাযোগ রক্ষা করতে হবে এবং যথাসময়ে জবাব দাখিল ও প্রতিদ্বন্দ্বিতা করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/চেয়ারম্যান, বিআরটিএ/ উপসচিব (আইন)/ সম্পত্তি ও আইন কর্মকর্তা (সকল) |
| | **সওজ অধিদপ্তর:**<br>(ক) প্রধান প্রকৌশলী, সওজ জানান, সওজ অধিদপ্তরের বর্তমানে অনিষ্পন্ন মামলার সংখ্যা ৩৮৬৯টি। মামলাগুলো নিষ্পত্তির লক্ষ্যে নিয়মিত মনিটরিং ও আইনজীবীদের সাথে যোগাযোগ অব্যাহত আছে। সওজ এর বিপুল সংখ্যক মামলা নিষ্পত্তির লক্ষ্যে বিশেষ উদ্যোগ গ্রহণের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়।<br><br>(খ) উপসচিব (আইন) জানান, ঠিকাদারদের কাজের বকেয়া দাবীর বিষয়ে গঠিত কমিটির সভা গত ২৩ মার্চ ২০২২ তারিখে অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী কমিটিতে তিন জন সদস্য কো-অপ্ট করা হয়েছে এবং সওজ অধিদপ্তরের মাধ্যমে বকেয়া দাবীর যথার্থতা যাচাইপূর্বক প্রতিবেদন দাখিল করা হবে।<br>(গ) এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয় জানান, কনটেম্পট নম্বর ৪৪৮/২০২০ (রীট পিটিশন নম্বর ৮০৪১/২০১৯ হতে উদ্ভূত) মামলার বিষয়ে দ্রুত পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য বিজ্ঞ প্যানেল আইনজীবীকে পত্র দেয়া হয়েছে এবং আইনজীবীর সাথে আলাপ হয়েছে প্রয়োজনীয় কাগজপত্র সরবরাহ করা হয়েছে। কজলিস্টে আসলেই সর্বাত্তক প্রতিদ্বন্দ্বিতা করা হবে। | (ক) সওজ এর ৩৮৬৯টি মামলা নিষ্পত্তির লক্ষ্যে বিশেষ উদ্যোগসহ আইনজীবীদের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>(খ) বকেয়া দাবীর বিষয়ে গঠিত কমিটির প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করতে হবে।<br>(গ) ভোলা সড়ক বিভাগ সংশ্লিষ্ট কনটেম্পট নম্বর ৪৪৮/২০২০ (রীট পিটিশন নম্বর ৮০৪১/২০১৯ হতে উদ্ভূত) বিষয়ে আইনজীবীর সাথে যোগাযোগ এবং আদালতে প্রয়োজনীয় কাগজপত্র দাখিলসহ প্রতিদ্বন্দ্বিতা করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/ উপসচিব (আইন) |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | (ঘ) প্রধান প্রকৌশলী, সওজ জানান, বেইলী ব্রীজের ক্ষতিসাধন ও ভেঙ্গে যাওয়ার ঘটনায় সৃষ্ট মামলার বিষয়ে গত ৩.০৪.২০২২ তারিখে ঢাকা, ০৬.০৪.২০২২ তারিখে বরিশাল ও গোপালগঞ্জ, ০৫.০৪.২০২২ তারিখে ময়মনসিংহ, ০৩.০৪.২০২২ তারিখে সিলেট ও ০৪.০৪.২০২২ তারিখে কুমিল্লা জোনে আইনজীবী ও সংশ্লিষ্টদের নিয়ে সভা করা হয়েছে। মামলাগুলো নিয়মিত ফলোআপ করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | (ঘ) বেইলী ব্রীজের ক্ষতিসাধন ও ভেঙ্গে যাওয়ার ঘটনায় যথাযথ প্রক্রিয়ায় মামলা করতে হবে এবং মামলাগুলো ফলোআপ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/উপসচিব (আইন)/এস্টেট ও আইন কর্মকর্তা (সকল) |
| | **বিআরটিএ :**<br>চেয়ারম্যান, বিআরটিএ জানান, ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত মামলার সংখ্যা ছিল ২৭৯টি। মার্চ ২০২২ মাসে ১টি মামলা রুজু এবং ৩টি মামলা নিষ্পত্তি হওয়ায় অনিষ্পন্ন মামলার সংখ্যা ২৭৭টি। ৩টি মামলাই সংস্থার পক্ষে রায় হয়েছে। মামলা নিষ্পত্তির লক্ষ্যে আইনজীবীদের সাথে যোগাযোগ ও মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | মামলা নিষ্পত্তির লক্ষ্যে আইনজীবীদের সাথে যোগাযোগ ও মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/ উপসচিব (আইন) |
| | **বিআরটিসি :**<br>চেয়ারম্যান, বিআরটিসি জানান, ফেব্রুয়ারি'২২ মাস পর্যন্ত বিআরটিসি'র অনিষ্পন্ন মামলা ছিল ৯৪টি। মার্চ'২২ মাসে কোনো মামলা রুজু/নিষ্পত্তি না হওয়ায় বর্তমানে মামলার সংখ্যা ৯৪টি। মামলা নিষ্পত্তির কার্যক্রম ত্বরান্বিত করার জন্য বিবেচ্যমাসে আইনবীজীদের সাথে সভা করা হয়েছে। চলমান মাসে বেশ কিছু মামলা নিষ্পত্তি হওয়ার সম্ভাবনা রয়েছে। | মামলা নিষ্পত্তির লক্ষ্যে প্যানেল আইজীবীদের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি/ উপসচিব (আইন) |
| | **ডিটিসিএ**<br>বিজ্ঞ আদালতে বিচারাধীন মামলা রয়েছে ০৪টি। তন্মধ্যে ১টি কনটেম্পট, ২টি রীট ও ১টি লিভ টু আপীল মামলা। কনটেম্পট মামলায় আদালতের নির্দেশনা অনুযায়ী কর্মচারীদের নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। রায় বাস্তবায়নের বিষয়টি আদালতকে অবহিত করার জন্য আইনজীবীকে জানানো হয়েছে। | মামলা নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং কনটেম্পট মামলার রায় বাস্তবায়নের বিষয়টি আইনজীবীর মাধ্যমে আদালতকে অবহিত করতে হবে। | নির্বাহী পরিচালক, ডিটিসিএ/ উপসচিব (আইন) |

৪. <u>**অডিট আপত্তির বিবরণী:**</u>

| বিভাগ/দপ্তর/সংস্থা | প্রারম্ভিক জের | অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা | | | | মোট | বর্তমান মাসে নিষ্পত্তি | মোট অনিষ্পন্ন |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সাধারণ | অগ্রিম | খসড়া | এ মাসে প্রাপ্ত | | | |
| সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | ০১ | - | - | ০১ | - | ০১ | - | ০১ |
| সওজ অধিদপ্তর | ৭৩৭৯ | ১১৪৮ | ৫৬২১ | ৬১০ | - | ৭৩৭৯ | ৪ (অ:) | ৭৩৭৫ |
| বিআরটিসি | ১২৩২ | ১৭৮ | ৯৬৩ | ৯১ | - | ১২৩২ | - | ১২৩২ |
| বিআরটিএ | ৩৬৪ | ১৩৬ | ২২৮ | - | - | ৩৬৪ | - | ৩৬৪ |
| ডিটিসিএ | ১১ | ০৩ | ০৮ | - | - | ১১ | - | ১১ |
| ডিএমটিসিএল | ২ | ০১ | ০১ | - | - | ০২ | - | ০২ |
| মোট | ৮৯৮৯ | ১,৪৬৬ | ৬,৮২১ | ৭০২ | - | ৮৯৮৯ | ০৪ | ৮,৯৮৫ |

সিনিয়র সহকারী সচিব (অডিট) জানান, ফেব্রুয়ারি'২২ মাসে অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ছিল ৮,৯৮৯টি। মার্চ'২২ মাসে কোনো অডিট আপত্তি অন্তর্ভুক্ত না হওয়ায় এবং ৪টি অডিট আপত্তি নিষ্পত্তি হওয়ায় বর্তমানে অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ৮,৯৮৫টি।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| সিনিয়র সহকারী সচিব (অডিট) অবহিত করেন:<br>(ক) (১) এ বিভাগের ১টি খসড়া অডিট আপত্তি পিএ কমিটিতে উত্থাপনের নিমিত্ত যোগাযোগ অব্যাহত রয়েছে। | (ক) এ বিভাগের ১টি খসড়া অডিট আপত্তি পিএ কমিটিতে উত্থাপনের নিমিত্ত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত সচিব (বাজেট)/ সিনিয়র সহকারী সচিব (অডিট) |
| (ক) (২) গত ০৯.০২.২০২২ তারিখে অনুষ্ঠিত পিএ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নে প্রধান প্রকৌশলী ও সংশ্লিষ্ট সড়ক জোন/সার্কেল/বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। পিএ কমিটির সিদ্ধান্তের আলোকে তদন্তপূর্বক প্রতিবেদন প্রদানের নিমিত্ত অতিরিক্ত সচিবকে আহবায়ক করে ১টি ও অতিরিক্ত সচিব (উন্নয়ন)কে আহবায়ক করে ২টি এবং যুগ্মসচিব (বাজেট ও অডিট)-কে আহবায়ক করে ০১টি কমিটি গঠন করা হয়েছে। কমিটির কার্যক্রম চলমান আছে। পিএ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করা এবং অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে কমিটির নিকট প্রেরণের জন্য সভাপতি সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন। | (ক) (২) গত ০৯.০২.২০২২ তারিখে অনুষ্ঠিত পিএ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে পিএ কমিটি বরাবর প্রেরণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/অতিরিক্ত সচিব (বাজেট)/ পরিচালক (নিরীক্ষা ও হিসাব)/সিনিয়র সহকারী সচিব (অডিট) /নির্বাহী প্রকৌশলী (সকল) |
| (খ) দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা আয়োজনের উদ্যোগ অব্যাহত রয়েছে। উল্লেখ্য, গত মাসে ০১টি ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। এছাড়া, চলতি মাসে আরো ১টি ত্রি-পক্ষীয় সভা আয়োজনের তারিখ নির্ধারণ করা হলেও অনিবার্য কারণে তা স্থগিত করা হয়। | (খ) দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা আয়োজনের উদ্যোগ অব্যাহত রাখতে হবে। | |
| (গ) বিভাগ, সার্কেল, জোন পর্যায় হতে অডিট আপত্তির সংখ্যা যাচাই-বাছাইপূর্বক প্রত্যয়নসহ সওজ অধিদপ্তর হতে ৫৪৬২টি অডিট আপত্তির তথ্য জানানো হয়েছে। উক্ত অডিট আপত্তির সংখ্যা যাচাই-বাছাইয়ের জন্য অডিট অধিদপ্তরে প্রেরণ করা হবে। | (গ) সওজ অধিদপ্তর এর মাধ্যমে যাচাই-বাছাইপূর্বক প্রাপ্ত অডিট আপত্তি সংখ্যার সঠিকতা নিরুপনের জন্য পরিবহন অডিট অধিদপ্তরে প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (বাজেট)/ |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | (ঘ) ত্রি-পক্ষীয় সভা আয়োজনের নিমিত্ত বিআরটিএ প্রধান কার্যালয়সহ ৮টি সার্কেল অফিসের বিদ্যমান ৬৭টি অগ্রিম অডিট আপত্তির বিপরীতে ত্রি-পক্ষীয় সভার কার্যপত্র পাওয়া গিয়েছে। তবে কার্যপত্রসমূহের সাথে সংযুক্তি/প্রমাণকসমূহ সংযোজন না করায় পরিবহন অডিট অধিদপ্তরে প্রেরণ করা যাচ্ছে না। প্রমাণকসহ প্রেরণের জন্য বিআরটিএকে অনুরোধ জানানো হয়েছে। | (ঘ) ত্রিপক্ষীয় সভা আয়োজনের নিমিত্ত কার্যপত্র প্রমাণক/সংযুক্তিসহ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ |
| | (ঙ) ব্রডশীট জবাবের সাথে প্রয়োজনীয় প্রমাণক সংযুক্তকরণের বিষয়ে বিআরটিসি'র সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে একটি সভা করা হয়েছে। বিআরটিসি হতে প্রমাণকসহ ব্রডশীট জবাব পাওয়া যাচ্ছে। চেয়ারম্যান, বিআরটিসি জানান চট্টগ্রাম বাস ডিপোর ০৫টি, কল্যাণপুর বাস ডিপোর ০৫টি, নারায়ণগঞ্জ বাস ডিপোর ০৬টি, বগুড়া বাস ডিপোর ০৫টি এবং খসড়া ০৫টি অগ্রিম অডিট আপত্তির জবাব সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হয়েছে। | (ঙ) প্রমাণকসহ ব্রডশীট জবাব মন্ত্রণালয়ে প্রেরণ অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত সচিব (বাজেট)/ চেয়ারম্যান, বিআরটিসি/ |
| | (চ) ডিটিসিএ হতে DUTP প্রকল্পের ৮টি অডিট আপত্তিগুলোর বিষয়ে মতামত পাওয়া গিয়েছে। উক্ত মতামত এ বিভাগের সচিব, সংশ্লিষ্ট কর্মকর্তা ও পরিবহন অডিট অধিদপ্তরের প্রতিনিধির উপস্থিতিতে যাচাই-বাছাইন্তে অডিট অধিদপ্তরে প্রেরণ করা হবে। | (চ) DUTP প্রকল্পের ৮টি অগ্রিম অডিট আপত্তির ওপর ডিটিসিএ হতে প্রাপ্ত মতামত যাচাই-বাছাইন্তে অডিট অধিদপ্তরে প্রেরণ করতে হবে। | নির্বাহী পরিচালক, ডিটিসিএ/ অতিরিক্ত সচিব (বাজেট) |
| | (ছ) ডিএমটিসিএল হতে জানানো হয়েছে, লাইন-৬ এর অনিষ্পন্ন ০১টি সাধারণ (আংশিক) এবং ১টি অগ্রিম (আংশিক) অডিট আপত্তির মধ্যে ১টি সাধারণ (আংশিক) অডিট আপত্তির জবাব গত ১৯ জানুয়ারি'২২ তারিখে ফাপাড বরাবর প্রেরণ করা হলে ফাপাড কর্তৃক গত ২১ মার্চ ২০২২ তারিখ ডেসকো'র ১৭৪.০০ লক্ষ টাকা আয়কর আদায়ের প্রেক্ষিতে নিষ্পত্তি করা হয়েছে। অবশিষ্ট ১টি সাধারণ (আংশিক) ও ১টি অগ্রিম (আশিংক) অডিট আপত্তির জবাব প্রস্তুতের কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। | (ছ) ডিএমটিসিএল লাইন-৬ এর অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ফাপাডের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক (ডিএমটিসিএল)/ সিনিয়র সহকারী সচিব (অডিট) |
| | (জ) (১) সিনিয়র সহাকারী সচিব (অডিট) জানান, বিদ্যমান ৪২টি সিভিল অডিট আপত্তির মধ্যে ৩১টি আপত্তি গত ২৪.১১.২০২১ তারিখ অনুষ্ঠিত ত্রি-পক্ষীয় সভায় নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে। নিষ্পত্তিমূলক পত্র সংগ্রহ/প্রাপ্তির জন্য যোগাযোগ অব্যাহত আছে। অবশিষ্ট ১১টি সিভিল অডিট আপত্তির মধ্যে ৬টি সওজ অধিদপ্তর সংশ্লিষ্ট ও ৫টি বিআরটিএ সংশ্লিষ্ট। উক্ত ১১টি অডিট আপত্তির জবাব প্রেরণের জন্য সওজ অধিদপ্তর ও বিআরটিএকে অনুরোধ করা হয়েছে। | (জ) সিভিল অডিটের ৩১টি আপত্তি নিষ্পত্তিমূলক পত্র সিএএফও কার্যালয় হতে সংগ্রহ করতে হবে এবং অবশিষ্ট ১১টি অডিট আপত্তির জবাব সওজ অধিদপ্তর ও বিআরটিএ হতে সংগ্রহপূর্বক সিএএফও কার্যালয়ে প্রেরণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/চেয়ারম্যান, বিআরটিএ অতিরিক্ত সচিব (প্রশাসন/বাজেট) |
| | (ঝ) পরিচালক (নিরীক্ষা ও হিসাব) পদায়নের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের এপিডি অনুবিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। | (জ) পরিচালক (নিরীক্ষা ও হিসাব) পদায়নের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের এপিডি অনুবিভাগের সাথে যোগাযোগ করতে হবে। | অতিরিক্ত সচিব (বাজেট) |

৫. **পেনশন কেইস:**

| সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ/দপ্তর/সংস্থা | | বিগত মাস হতে আগত | বিবেচ্যমাসে আগত | মোট | বিবেচ্যমাসে নিস্পত্তি | অবশিষ্ট অনিস্পন্ন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সওজ কর্মকর্তাদের পেনশন কেইস) | | ১ | - | ১ | - | ১ | দীর্ঘ পেন্ডিং |
| | | ২৮ | - | ২৮ | ১ | ২৭ | সাময়িক পেন্ডিং |
| সওজ অধিদপ্তর | ১ম - ৯ম গ্রেড | ১১ | - | ১১ | ০ | ১১ | |
| | ১০ম - ২০তম গ্রেড | - | ১৪ | ১৪ | ১৪ | - | |
| বিআরটিসি | | ২৮৯ | ৭ | ২৯৬ | ০৩ (আংশিক) | ২৯৬ | গ্র্যাচুইটি |
| বিআরটিএ | | - | - | - | | - | |
| ডিটিসিএ | | - | - | - | - | - | |
| মোট | | ৩২৯ | ২১ | ৩৫০ | ১৫ | ৩৩৫ | |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **ক. সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ:** (১) উপসচিব (সওজ গেজেটেড ও সংস্থাপন) জানান, দীর্ঘ পেন্ডিং ১টি পেনশন কেইসের (জনাব খালেকুজ্জামান) অডিট সংক্রান্ত প্রতিবেদন পাওয়া যায়নি। এছাড়া, সাময়িক পেন্ডিং ২৮টি পেনশন কেইসের মধ্যে বিবেচ্য মাসে ১টি নিষ্পত্তি করা হয়েছে। অবশিষ্ট ২৭টি পেনশন কেইসের মধ্যে দু'জনের আগস্ট'২২ মাসে পিআরএল এর মেয়াদ শেষ হলে ২টি ও সওজ হতে তথ্যাদি প্রাপ্তি সাপেক্ষে আরো ১টি পেনশন কেইস নিষ্পত্তি করা সম্ভব হবে। এছাড়া, ২৪টি পেনশন কেইস অডিট আপত্তির কারণে অনিষ্পন্ন রয়েছে। অডিট শাখা হতে এ বিষয়ে রিপোর্ট পাওয়া সাপেক্ষে নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করা হবে। সিনিয়র সহকারী সচিব (অডিট) জানান, উক্ত কর্মকর্তাদের একাধিক অডিট আপত্তি রয়েছে। অডিট আপত্তি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত রিপোর্ট প্রদান সম্ভব হচ্ছেনা। অডিট আপত্তি নিষ্পত্তির | (১) (ক) জনাব খালেকুজ্জামান এর ৩টি খসড়া অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে পিএ কমিটিতে উত্থাপনের উদ্যোগ অব্যাহত রাখতে হবে। (১) (খ) সাময়িক পেন্ডিং পেনশন কেইস নিষ্পত্তির লক্ষ্যে কার্যক্রম অব্যাহত রাখতে হবে | প্রধান প্রকৌশলী, সওজ/ অতিরিক্ত সচিব (বাজেট)/ পরিচালক (নিরীক্ষা ও |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | লক্ষ্যে সওজ অধিদপ্তর ও অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। এছাড়া, স্থগিত থাকা ৯জন বীর মুক্তিযোদ্ধার পেনশন কেইস নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্যও সভাপতি পরামর্শ প্রদান করেন।<br><br>(২) সিনিয়র সহকারী সচিব (অডিট) জানান, পেনশন কেইস সম্পর্কিত বিশেষ ত্রি-পক্ষীয় সভা আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সওজ অধিদপ্তর হতে ৫টি কার্যপত্র পাওয়া গিয়েছে। আগামী মাসে ত্রি-পক্ষীয় সভা আয়োজন করা হবে। | এবং স্থগিত থাকা ৯জন বীর মুক্তিযোদ্ধার পেনশন কেইস নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>(১) (গ) পেনশন সহজীকরণ আদেশ অনুসারে রিপোর্ট প্রদান অব্যাহত রাখতে হবে।<br><br>(২) পেনশন কেইস সম্পর্কিত বিশেষ ত্রি-পক্ষীয় সভা আয়োজন করতে হবে। | হিসাব)/উপসচিব (সওজ গেজেটেড সংস্থাপন)/ সি:স: সচিব (অডিট) |
| | **খ. সওজ অধিদপ্তর:**<br>সওজ প্রতিনিধি জানান, ১ম-৯ম গ্রেডের ১১ জন কর্মকর্তার পেনশনের আবেদন পাওয়া গেছে। পেনশন পরিশোধের লক্ষ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ পেনশন কেইসগুলো শীঘ্রই মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। এছাড়া, ১০ম - ২০তম গ্রেডের ১৪টি পেনশন কেইস বিবেচ্যমাসে সম্পন্ন করা হয়েছে। | পেনশন কেইস নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ |
| | **খ. বিআরটিসি:**<br>বিআরটিসি এর প্রতিনিধি জানান, বিআরটিসি'র কর্মকর্তা ও কর্মচারিদের প্রতি মাসে গ্র্যাচুইটি ও বকেয়া পরিশোধ করা হচ্ছে। মার্চ'২২ মাসে কর্মকর্তা ও কর্মচারীদের গ্র্যাচুইটি ও বকেয়া বেতন বাবদ ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা পরিশোধ করা হয়েছে। এপ্রিল মাসে ৪ কোটি টাকা গ্র্যাচুইটি ও বকেয়া পরিশোধ করা হবে। | ধারাবাহিকতা ও অগ্রাধিকার নির্ধারণ করে কর্মকর্তা ও কর্মচারিদের গ্রাচ্যুইটি ও বকেয়া পরিশোধ অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি |
| | **গ. বিআরটিএ:**<br>বিআরটিএ-এর প্রতিনিধি জানান, মার্চ'২২ মাসে ০১ জন সহকারী পরিচালক (ইঞ্জি:) এর পেনশন এবং ০১ জন সহকারী পরিচালক (ইঞ্জি:) এর পারিবারিক পেনশন মঞ্জুরি প্রদান করা হয়েছে। | পেনশন কেইস পাওয়া গেলে তা দ্রুততম সময়ে নিষ্পত্তির উদ্যোগ নিতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ |
| ৬. | **আইন, বিধিমালা ও নীতিমালা প্রণয়ন/সংশোধন:**<br>**ক. সড়ক পরিবহন আইন ২০১৮ এর আওতায় বিধিমালা প্রণয়ন সংক্রান্ত:**<br>সহকারী সচিব (বিআরটিএ) জানান, সড়ক পরিবহন বিধিমালা, ২০২২ এর ওপর লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক ১৭.০১.২০২২ তারিখ ভেটিং প্রদান করা হয়েছে। খসড়ায় অর্থের সংশ্লেষ থাকায় গত ২৪.০২.২০২২ তারিখে সম্মতি/অনাপত্তি প্রদানের জন্য অর্থ বিভাগকে অনুরোধ করা হয়েছে। এ বিষয়ে যোগাযোগ অব্যাহত আছে। | সড়ক পরিবহন বিধিমালা, ২০২২ এর খসড়ায় সম্মতি/অনাপত্তির জন্য অর্থ বিভাগের সাথে যোগাযোগ করতে হবে। | অতিরিক্ত সচিব (এস্টেট)/ চেয়ারম্যান, বিআরটিএ/ উপসচিব (সম্পত্তি/আইন)/ সহকারী সচিব (বিআরটিএ) |
| | **খ. সড়ক রক্ষণাবেক্ষণ তহবিল বোর্ড আইন - ২০১৩ এর আওতায় বিধিমালা ২০২২ প্রণয়ন:**<br>উপসচিব (রক্ষণাবেক্ষণ) জানান, সড়ক রক্ষণাবেক্ষণ তহবিল বোর্ড আইন-২০১৩ এর আওতায় প্রণীত খসড়া বিধিমালা-২০২২ ভেটিং প্রদানের জন্য ০৭/০২/২০২২ তারিখে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ হলে কিছু সংশোধনী/পরিমার্জনের প্রস্তাবসহ নথি ফেরত প্রদান করা হয়েছে। লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের মতামত পর্যালোচনা করে পরবর্তীতে বিধিমালার বিষয়ে মতামত প্রদানের জন্য গত ২০/০৩/২০২২ তারিখে অর্থ বিভাগে পুনরায় পত্র প্রেরণ করা হয়। অর্থ বিভাগ গত ০৭/০৪/২০২২ তারিখে সংশ্লিষ্ট বিধিমালা-২০২২ এর বিষয়ে মতামত প্রদান করেছে। অর্থ বিভাগ ও লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের প্রতিনিধি নিয়ে অতিরিক্ত সচিব এর সভাপতিত্বে শীঘ্রই সভা আহবান করা হবে। | বিধিমালার ওপর অর্থ বিভাগ ও লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের প্রতিনিধি নিয়ে সভা আহবান করতে হবে। | প্রধান নির্বাহী কর্মকর্তা (স.র.ত.ব)/ উপসচিব (রক্ষণাবেক্ষণ) |
| | **গ. বিআরটি বিধিমালা ২০২২ প্রণয়ন:**<br>বিআরটি শাখা হতে জানানো হয়েছে, খসড়া বিআরটি বিধিমালা ২০২২ এর ওপর ২৪.০২.২০২২ তারিখে সংশ্লিষ্ট বিভাগ/মন্ত্রণালয়ের মতামত চাওয়া হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে ৩টি দপ্তরের মতামত পাওয়া গিয়েছে। যাদের মতামত পাওয়া যায়নি তাদের ২৪.০৪.২০২২ তারিখের মধ্যে মতামত প্রদানের জন্য ১০.০৪.২০২২ তাগিদ পত্র দেয়া হয়েছে। নির্ধারিত সময় পরে প্রাপ্ত মতামতের ভিত্তিতে আন্ত:মন্ত্রণালয় সভা আয়োজন করা হবে। | বিআরটি বিধিমালা ২০২২ এর খসড়ার ওপর মতামত পাওয়ার পর আন্ত:মন্ত্রণালয় সভা আহবান করতে হবে। | নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/ ব্যবস্থাপনা পরিচালক, বিআরটি/যুগ্মসচিব (এমআরটি) |
| | **ঘ. মহাসড়ক আইন ২০২১ এর আওতায় বিধিমালা প্রণয়ন:**<br>সিনিয়র সহকারী সচিব (সম্পত্তি) জানান, মহাসড়ক আইন, ২০২১ এর ১৭ ধারা মোতাবেক বিধিমালা প্রণয়নের নিমিত্ত একটি কমিটি গঠনপূর্বক "মহাসড়ক বিধিমালা-২০২২" এর খসড়া প্রস্তুতকরতঃ এ বিভাগে দাখিল করার জন্য প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তরে গত ২৮ মার্চ ২০২২ তারিখ পত্র প্রেরণ করা হয়। এ বিষয়ে অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং জানান ইতোমধ্যে এ সংক্রান্ত কমিটি গঠন করা হয়েছে। আগামী এক মাসের মধ্যে কমিটি বিধিমালার খসড়া প্রণয়ন করে মন্ত্রণালয়ে দাখিল করবে। | "মহাসড়ক বিধিমালা-২০২২" এর খসড়া প্রণয়ন করে আগামী ১৭ মে ২০২২ তারিখে মধ্যে সওজ অধিদপ্তর হতে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/অতিরিক্ত সচিব (এস্টেট) |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৭. | **বৃক্ষরোপণ :**<br>(ক) নির্বাহী বৃক্ষপালনবিদ, সওজ অধিদপ্তর জানান, প্রকল্পের ডিপিপিতে বৃক্ষরোপণের জন্য ল্যান্ডস্কেপিং বিষয়টি অন্তর্ভুক্ত ও আলাদা অর্থ বরাদ্দ রাখার বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত আছে। মন্ত্রণালয় হতে ডিপিপি প্রক্রিয়াকরণের সময় পরিকল্পনা উইং হতে বিষয়টি নিশ্চিত করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | (ক) প্রকল্পের ডিপিপিতে বৃক্ষরোপণের জন্য ল্যান্ডস্কেপিং বিষয়টি অন্তর্ভুক্ত ও আলাদা অর্থ বরাদ্দ রাখার বিষয়টি নিশ্চিত করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/ অতিরিক্ত সচিব (পরিকল্পনা)/নির্বাহী বৃক্ষপালনবিদ, সওজ |
| | (খ) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং জানান, বন বিভাগ কর্তৃক সড়ক ও জনপথ অধিদপ্তরের জায়গায় বৃক্ষরোপণের বিষয়টি নিরুৎসাহিত করা এবং বিশেষ কারণে বন বিভাগ কর্তৃক বৃক্ষরোপণের প্রয়োজন হলে কিছু শর্ত উল্লেখপূর্বক MoU করার জন্য গত ৩১/০৩/২০২২ ইং তারিখে মাঠ পর্যায়ের সকল অতিরিক্ত প্রধান প্রকৌশলীদের সাথে একটি Online সভা করা হয়েছে। সভার মতামত/সুপারিশ গত ১২.০৪.২০২২ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। সওজ হতে প্রাপ্ত মতামত/সুপারিশের ওপর সংশ্লিষ্টদের নিয়ে সভা করে এ বিভাগের মতামত/সিদ্ধান্ত পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়কে জানিয়ে দেয়ার জন্য সভাপতি সংশ্লিষ্টদের পরামর্শ প্রদান করেন। | (খ) বন বিভাগ কর্তৃক সওজ অধিদপ্তরের জায়গায় বৃক্ষরোপণের বিষয়ে সওজ এর মতামত/সুপারিশের ওপর সভা করে এ বিভাগের মতামত/সিদ্ধান্ত পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়কে জানিয়ে দিতে হবে। | উপসচিব টোল ও এক্সেল) |
| | (গ) সড়ক বিভাগে রোপিত গাছের পরিচর্যা ও পরিদর্শন কার্যক্রম অব্যাহত আছে। বর্ষা মৌসুম শুরু হওয়ার সাথে সাথে মৃত গাছের স্থলে নতুন করে চারা গাছ রোপণ করার নির্দেশনা প্রদান করা হয়েছে। | (গ) প্রতিটি সড়ক বিভাগের আওতায় রোপিত গাছের পরিচর্যা ও পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখতে হবে। বর্ষা মৌসুমে মৃত গাছের স্থলে নতুন করে চারা গাছ রোপন সম্পন্ন করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/ প্রধান বৃক্ষপালনবিদ/ নির্বাহী প্রকৌশলী (সকল) |
| | (ঘ) প্রধান প্রকৌশলী, সওজ জানান, বিভিন্ন জোনের আওতায় মহাসড়কের রাইট অব ওয়ে নির্ধারণ ও স্থায়ী পিলার স্থাপনের কাজ শুরু হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার প্রচেষ্টা অব্যাহত আছে। | (ঘ) মহাসড়কের রাইট অব ওয়ে নির্ধারণ ও স্থায়ী পিলার স্থাপনের কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং নির্ধারিত সময়ের (এপ্রিল'২২) মধ্যে সম্পন্ন করতে হবে। | |
| ৮. | **অবৈধ স্থাপনা অপসারণ:**<br>সিনিয়র সহকারী সচিব (সম্পত্তি) জানান, সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক অধিগ্রহণকৃত/রিকুইজিশনকৃত ও হস্তান্তরিত ভূমি/সম্পত্তি সওজ অধিদপ্তরের নামে রেকর্ডভুক্ত ও নামজারিকরণ সংক্রান্ত মার্চ, ২০২২ মাসের সকল সড়ক জোনের সমন্বিত তথ্য সওজ অধিদপ্তর হতে পাওয়া গিয়েছে। সিনিয়র সহকারী সচিব (সম্পত্তি) মার্চ'২০২২ পর্যন্ত নামজারির তথ্য সভায় উপস্থাপন করেন। তিনি জানান বিগত মাসের তুলনায় সামান্য বৃদ্ধি পেয়েছে। ফেব্রুয়ারি ২০২২ মাসের চেয়ে মার্চ ২০২২ মাসে কতটি নামজারি হয়েছে তার সুনির্দিষ্ট তথ্য না থাকায় সভাপতি পরবর্তী মাস থেকে বিবেচ্যমাসে কতটুকু বৃদ্ধি পায় তার তথ্য ছকে অন্তর্ভুক্ত করে উপস্থাপন করার জন্য পরামর্শ প্রদান করেন। নামজারির বিষয়ে এস্টেট ও আইন কর্মকর্তা প্রধান কার্যালয় জানান, এলএ কেইসের ভিত্তিতে এবং স্থানীয় সরকার বিভাগ হতে প্রাপ্ত ভূমির নাম জারি করা হয়ে থাকে। তবে অনেক এলএ কেইস গেজেটভুক্ত না হওয়ায় নাম জারি করা যাচ্ছে না। এ বিষয়ে জেলা প্রশাসকের কার্যালয়, ভূমি মন্ত্রণালয় ও বিজি প্রেসের সাথে যোগাযোগের প্রচেষ্টা অব্যাহত আছে। নামজারির সংখ্যা বৃদ্ধির জন্য এস্টেট ও আইন কর্মকর্তাদের আরো তৎপর হওয়া প্রয়োজন মর্মে সভাপতি অবহিত করেন। | (ক) জেলা পরিষদ, স্থানীয় সরকার বিভাগ হতে হস্তান্তরকৃত এবং সওজ এর অধিগ্রহণকৃত ভূমির রেকর্ড বা নামজারির কার্যক্রম অব্যাহত রাখতে হবে। আগামী সভায় বিবেচ্যমাসসহ সংখ্যাগত তথ্য উপস্থাপন করতে হবে।<br>(খ) নাম জারির সংখ্যা বৃদ্ধির জন্য এস্টেট ও আইন কর্মকর্তাদের আরো তৎপর হতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/অতিরিক্ত সচিব (এস্টেট), যুগ্মসচিব (সম্পত্তি)/এস্টেট ও আইন কর্মকর্তা (সকল) |
| | **এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয়:**<br>এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয়ের নিকট হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী গত ০৮ মার্চ ২০২২ তারিখ ঢাকা সড়ক বিভাগাধীন সড়ক উপবিভাগ কম্পাউন্ডের পূর্ব পার্শ্বে সওজ অধিদপ্তরের মালিকানাধীন ভূমিতে অবৈধভাবে গড়ে ওঠা ১৪টি সেমিপাকা দোকান উচ্ছেদ/অপসারণ করা হয়। এতে করে ২১ শতাংশ ভূমি অবৈধ দখল মুক্ত হয়। উক্ত ভূমির আনুমানিক বাজার মূল্য ৭ কোটি টাকা। | উচ্ছেদ কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/ সম্পত্তি ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয় |
| | **ঢাকা জোন:**<br>সিনিয়র সহাকারী সচিব (এস্টেট) জানান, এস্টেট ও আইন কর্মকর্তা, ঢাকা জোন হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী-<br>(১) গত ০৩.০৩.২০২২ তারিখে ঢাকা সড়ক জোনের আওতাধীন মানিকগঞ্জ সড়ক বিভাগাধীন নবীনগর-ডিইপিজেড-কালিয়াকৈর (চন্দ্রা) (এন-৫৪০) মহাসড়কের ৩য় ও ৪র্থ কিলোমিটারে সাভার উপজেলাধীন সওজ অধিগ্রহণকৃত ভূমি হতে ১৫১টি অবৈধ স্থাপনা উচ্ছেদ এবং ২টি অবৈধ বিলবোর্ড ও সাইনবোর্ড অপসারণ করা হয়। এতে উদ্ধারকৃত জমির পরিমাণ ৪৫১ শতাংশ। যার বর্তমান বাজার | অধিভুক্ত এলাকায় উচ্ছেদ অভিযান অব্যাহত রাখতে হবে এবং উদ্ধারকৃত জায়গা দখলে রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | মূল্য ১৭.৮০ কোটি টাকার কম/বেশী।<br>(২) গত ১৪.০৩.২০২২ তারিখে নারায়ণগঞ্জ সড়ক বিভাগাধীন মোগড়াপাড়া-আনন্দবাজার সড়কে ৭ম কিলোমিটারে আনন্দবাজার সেতুর উভয়পার্শ্বে সওজ অধিগ্রহণকৃত ভূমি হতে ৪৫টি অবৈধ স্থাপনা উচ্ছেদ এবং ৩টি অবৈধ বিলবোর্ড ও সাইনবোর্ড অপসারণ করা হয়। এতে উদ্ধারকৃত জমির পরিমাণ ৩৫১ শতাংশ। যার বর্তমান বাজার মূল্য ১২.৪৫ কোটি টাকার কম/বেশী।<br>(৩) গত ১৫.০৩.২০২২ তারিখে নারায়ণগঞ্জ সড়ক বিভাগাধীন ঢাকা-কুমিল্লা-চট্টগ্রাম-টেকনাফ (এন-০১) মহাসড়কের ২২তম কিলোমিটারে ঢাকা অভিমুখে পিরোজপুর নামক স্থানে সওজ অধিগ্রহণকৃত ভূমি হতে ৩১টি অবৈধ স্থাপনা উচ্ছেদ এবং ১টি অবৈধ বিলবোর্ড ও সাইনরোর্ড অপসারণ করা হয়। এতে উদ্ধারকৃত জমির পরিমাণ ১৫১ শতাংশ। যার বর্তমান বাজার মূল্য ৩.৪০ কোটি টাকার কম/বেশী।<br>(৪) গত ১৬.০৩.২০২২ তারিখে এশীয় উন্নয়ন ব্যাংক (ADB) এর আর্থিক সহায়তায় বাস্তবায়নাধীন "সাসেক সড়ক সংযোগ প্রকল্প-২: এলেঙ্গা-হাটিকামরুল-রংপুর মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণ প্রকল্পের কালিয়াকৈর উপজেলাধীন কৌচাকুড়ি, সফিপুর, চান্দরা এবং হরিতকিতলা নামক স্থানসমূহে সওজ অধিগ্রহণকৃত ভূমি হতে ১২১টি অবৈধ স্থাপনা উচ্ছেদ এবং ৮টি অবৈধ বিলবোর্ড ও সাইনবোর্ড অপসারণ করা হয়। এতে উদ্ধারকৃত জমির পরিমাণ ৪.৮১ একর। যার বর্তমান বাজার মূল্য ১৩.৮৭ কোটি টাকার কম/বেশী।<br>(৫) গত ১৭.০৩.২০২২ তারিখে কাশিনাথপুর-দাশুরিয়া-নাটোর-রাজশাহী-নবাবগঞ্জ-কানসাট-সোনা মসজিদ বালিয়াদিঘী বর্ডার (এন-০৬) সড়কের ২২৮তম কিলোমিটারে শিবগঞ্জ উপজেলাধীন বিভিন্ন মৌজায় সওজ অধিগ্রহণকৃত ভূমি হতে ১৫১টি অবৈধ স্থাপনা উচ্ছেদ এবং ৩টি অবৈধ বিলবোর্ড ও সাইনবোর্ড অপসারণ করা হয়। এতে উদ্ধারকৃত জমির পরিমাণ ২৬২ শতাংশ। যার বর্তমান বাজার মূল্য ৩.৭৫ কোটি টাকার কম/বেশী। | | প্রধান প্রকৌশলী, সওজ / অতিরিক্ত সচিব (এস্টেট)/এস্টেট ও আইন কর্মকর্তা, ঢাকা জোন |
| | **খুলনা জোন:**<br>খুলনা জোনের এস্টেট ও আইন কর্মকর্তার নিকট হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী<br>(১) গত ২২.০৩.২০২২, ২৩.০৩.২০২২ ও ২৪.০৩.২০২২ তারিখ পটুয়াখালী সড়ক বিভাগাধীন ঢাকা -বরিশাল-পটুয়াখালী জাতীয় মহাসড়কের ১৯০ তম কিলোমিটার হতে ২০৪ তম কিলোমিটার, পটুয়াখালী-আমতলী-বরগুনা-কাকচিরা আঞ্চলিক মহাসড়কের ১ম হতে ৩১তম কিলোমিটার, আমতলী-খেপুপাড়া-কুয়াকাটা-আঞ্চলিক মহাসড়কের ১ম হতে ৪০তম কিলোমিটার, লেবুখালী হতে কুয়াকাটা পর্যন্ত সড়কের ২(দুই) পার্শ্বে সওজ কর্তৃক অধিগ্রহণকৃত ভূমিতে গড়ে ওঠা ৮৬০টি পাকা/আধাপাকা স্থাপনা অপসারণ করা হয়। এতে করে ৬.৫০ একর ভূমি অবৈধ দখল মুক্ত করা হয়। উক্ত ভূমির বর্তমান বাজার মূল্য আনুমানিক ৬৫ কোটি টাকা।<br>(২) গত ২৯.০৩.২০২২, ৩০.০৩.২০২২ ও ৩১.০৩.২০২২ তারিখ গোপালগঞ্জ সড়ক বিভাগাধীন গৌরনদী-আগৈলঝরা-পয়সারহাট-কোটালীপাড়া-গোপালগঞ্জ (আর-৮৫২) সড়ক ও টেকেরহাট-গোপালগঞ্জ-ঘোনাপাড়া আঞ্চলিক মহাসড়কের ২(দুই) পার্শ্বে সওজ কর্তৃক অধিগ্রহণকৃত ভূমিতে গড়ে ওঠা ৬২০টি পাকা/আধাপাকা স্থাপনা অপসারণ করা হয়। এতে করে ৪.০০ একর ভূমি অবৈধ দখল মুক্ত করা হয়। উক্ত ভূমির বর্তমান বাজার মূল্য আনুমানিক ৮ কোটি টাকা। | উচ্ছেদ কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/অতিরিক্ত সচিব (এস্টেট) এস্টেট ও আইন কর্মকর্তা, খুলনা |
| | **চট্টগ্রাম জোন:**<br>চট্টগ্রাম জোনের এস্টেট ও আইন কর্মকর্তার নিকট হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী-<br>(১) গত ০৬.০৩.২০২২ তারিখ চট্টগ্রাম সড়ক বিভাগাধীন ঢাকা-চট্টগ্রাম জাতীয় মহাসড়কের (এন-১) ১৯৬ তম ও ১৯৭ তম কিলোমিটারে বড় দারোগারহাট বাজার নামক স্থানে মহাসড়কের উভয় পার্শ্বে সওজ অধিগ্রহণকৃত ভূমিতে গড়ে ওঠা ০২টি বিলবোর্ড, ১২টি সাইনবোর্ড ও কাঁচা/পাকা /আধাপাকা সহ ১৩৫ টি স্থাপনা অপসারণ করা হয়। এতে করে ১.৯২ একর (১৯২ শতক) ভূমি অবৈধ দখল মুক্ত করা হয়। উক্ত ভূমির আনুমানিক বর্তমান বাজার মূল্য ৪.৩৫ কোটি (চার কোটি পঁয়ত্রিশ লক্ষ) টাকা।<br>(২) গত ০৯.০৩.২০২২ তারিখ কুমিল্লা সড়ক বিভাগাধীন গৌরীপুর-হোমনা জেলা মহাসড়কের শূন্য হতে ১৭.৫০ কিলোমিটার পর্যন্ত উভয় পার্শ্বে সওজ এর অধিগ্রহণকৃত ভূমিতে গড়ে ওঠা ২২টি সাইনবোর্ড ও কাঁচা/পাকা/আধাপাকা সহ আনুমানিক ১০৭টি স্থাপনা অপসারণ করা হয়। এতে করে ৫ একর ভূমি অবৈধ দখল মুক্ত করা হয়। উক্ত ভূমির বর্তমান বাজার মূল্য আনুমানিক ১১.০০ কোটি (এগার কোটি ) টাকা।<br>(৩) গত ২১.০৩.২০২২ তারিখ ক্রস বর্ডার রোড নেটওয়ার্ক ইমপ্রুভমেন্ট প্রজেক্ট (বাংলাদেশ) প্রকল্পের আওতায় জাইকার অর্থায়নে চট্টগ্রাম জেলার পটিয়া উপজেলায় ইন্দ্রপুল নামক স্থানে ঢাকা-চট্টগ্রাম-কক্সবাজার জাতীয় মহাসড়কের ২৬২ তম কিলোমিটারে পটিয়া সেতু নির্মাণের লক্ষে সড়ক ও জনপথ অধিদপ্তরের অধিগ্রহণকৃত ভূমিতে পটিয়া সেতুর উভয় পার্শ্বে গড়ে ওঠা ০১ টি চারতলা বিল্ডিং, ০৭ টি দোতলা বিল্ডিং, ০১টি তিনতলা বিল্ডিং ও কাঁচা/পাকা/আধাপাকা সহ মোট ৪৬ টি স্থাপনা অপসারণ করা হয়। এতে করে ৪.৮০ একর (৪৮০ শতক) ভূমি অবৈধ দখল মুক্ত করা হয়। উক্ত ভূমির বর্তমান বাজার মূল্য আনুমানিক ১৫.৯০ কোটি (পনেরো কোটি নব্বই লক্ষ) টাকা। | অবৈধ স্থাপনা উচ্ছেদ কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। | প্রধান প্রকৌশলী/ অতিরিক্ত সচিব (এস্টেট)/ সম্পত্তি ও আইন কর্মকর্তা, চট্টগ্রাম |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | (৪) গত ২৩.০৩.২০২২ তারিখ ঢাকা-চট্টগ্রাম-কক্সবাজার জাতীয় মহাসড়ক এর ২৮৩ তম কিলোমিটারে "ক্রস বর্ডার রোড নেটওয়ার্ক ইমপ্রুভমেন্ট প্রজেক্ট (বাংলাদেশ)" এর আওতায় জাইকার অর্থায়নে সাঙ্গু সেতু নির্মাণের লক্ষ্যে সড়ক ও জনপথ অধিদপ্তরের অধিগ্রহণকৃত ভূমিতে সাঙ্গু সেতুর উভয় পার্শ্বে গড়ে ওঠা ০২ টি দোতলা বিল্ডিং, ০২ টি তিনতলা বিল্ডিং ও কাঁচা/পাকা/আধাপাকা সহ মোট ২১ টি স্থাপনা অপসারণ করা হয়। এতে করে ১.৫০ একর (১৫০ শতক) ভূমি অবৈধ দখলমুক্ত করা হয়। উক্ত ভূমির বর্তমান বাজার মূল্য আনুমানিক ৫.০০ কোটি (পাঁচ কোটি) টাকা। | | |
| | **ঈদুল ফিতর উপলক্ষ্যে মাহসড়ক নির্বিঘ্ন রাখা:**<br>পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে ঘরমুখো মানুষের যাতায়াত নির্বিঘ্ন করার লক্ষ্যে সকল ধরণের যানবাহন চলাচল বাধাহীন করার লক্ষ্যে মহাসড়কের ওপরে থাকা বিভিন্ন মালামাল, স্থাপনা ও হাট বাজার অপসারণে এস্টেট ও আইন কর্মকর্তাদের বিশেষ কার্যক্রম পরিচালনার জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন। | পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে সকল ধরণের যানবাহন চলাচল বাধাহীন করার লক্ষ্যে মহাসড়কের ওপরে থাকা বিভিন্ন মালামাল, স্থাপনা ও হাটবাজার অপসারণে এস্টেট ও আইন কর্মকর্তাদের বিশেষ কার্যক্রম পরিচালনা করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/সম্পত্তি ও আইন কর্মকর্তা (সকল) |
| | **অবৈধ দখলমুক্ত ভূমি দখলে রাখা:**<br>এস্টেট ও আইন কর্মকর্তা কর্তৃক অবৈধ দখলমুক্ত ভূমি দখলে রাখার জন্য বেড়ীগেট, বাউন্ডারী ও সওজ এর যন্ত্রপাতি রাখা ও প্রয়োজনে রাস্তা সম্প্রসারণের মাধ্যমে উদ্ধারকৃত জায়গা দখলে রাখার জন্য সংশ্লিষ্ট সড়ক বিভাগসমূহ হতে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সভায় গুরুত্বরোপ করা হয়। | অবৈধ দখলমুক্ত ভূমি দখলে রাখার জন্য বেড়ীগেট, বাউন্ডারী ও সওজ এর যন্ত্রপাতি রাখা ও প্রয়োজনে রাস্তা সম্প্রসারণের মাধ্যমে উদ্ধারকৃত জায়গা দখলে রাখতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/সম্পত্তি ও আইন কর্মকর্তা (সকল)/ নির্বাহী প্রকৌশলী (সকল |
| | **অবৈধ বিল বোর্ড অপসারণ:**<br>সিনিয়র সহকারী সচিব (সম্পত্তি) জানান, মার্চ ২০২২ মাসের তথ্য অনুযায়ী ঢাকা, কুমিল্লা, সিলেট, রংপুর, খুলনা, বরিশাল ও গোপলগঞ্জ জোনের অধীন বিভিন্ন সড়ক বিভাগ হতে ৬১২টি অবৈধ বিলবোর্ড/বিজ্ঞাপন বোর্ড অপসারণ করা হয়। কোন স্থানে কতটি বিল বোর্ড অপসারণ করা হয়েছে তার সুনির্দিষ্ট তথ্য আগামী সভায় উপস্থাপনের জন্য সভায় গরুত্বারোপ করা হয়। | (ক) ঢাকার প্রবেশ এবং বাহির পথসহ সারাদেশে সওজ এর জায়গায় স্থাপিত অবৈধ বিলবোর্ড/ব্যানার/ফেস্টুন অপসারণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>(খ) কোন স্থানে কতটি বিল বোর্ড অপসারণ করা হয়েছে তার সুনির্দিষ্ট তথ্য আগামী সভায় উপস্থাপন করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/সম্পত্তি ও আইন কর্মকর্তা (সকল)/ নির্বাহী প্রকৌশলী (সকল) |
| ৯. | **মোবাইল কোর্ট পরিচালনা:**<br>**বিআরটিএ**<br>ঢাকা-মাওয়া-ভাঙ্গা এক্সপ্রেসওয়ে ও জাতীয় মহাসড়কে ছোট ছোট মোটরযান চলাচল বন্ধে মার্চ'২২ মাসে মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে ২৮টি মামলায় ৫৬,০০০/-(ছাপান্ন হাজার) টাকা জরিমানা আদায় করা হয়েছে।<br>সারাদেশে মোবাইল কোর্ট কর্তৃক ১৬৪৬ মামলার মাধ্যমে ৩৯,৩৭,২০০.০০ (উনচল্লিশ লক্ষ সাঁইত্রিশ হাজার দুইশত) টাকা জরিমানা আদায়সহ ২৫টি গাড়ি ডাম্পিং স্টেশনে প্রেরণ এবং ৪০ জনকে কারাদন্ড প্রদান করা হয়েছে। | বিআরটিএ কর্তৃক ঢাকা-মাওয়া-ভাঙ্গা এক্সপ্রেসওয়ে ও জাতীয় মহাসড়কে ছোট ছোট মোটরযান চলাচল বন্ধসহ অন্যান্য বিষয়ে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/ অতিরিক্ত সচিব (এস্টেট) |
| | **সওজ অধিদপ্তর**<br>সিনিয়র সহকারী সচিব (সম্পত্তি) জানান, সওজ অধিদপ্তরে প্রেষণে নিয়োজিত সকল এস্টেট ও আইন কর্মকর্তাদের জনপ্রশাসন মন্ত্রণালয় হতে একই ধরণের ক্ষমতা প্রদান করা হয়েছে। | এজেন্ডাটি আগামী সভার কার্যপত্র হতে বাধ দিতে হবে। | উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) |
| ১০ | **বিআরটিসি বাসের সেবাদান কার্যক্রম মনিটরিং:**<br>(ক) চেয়ারম্যান, বিআরটিএ, জানান-বিআরটিএ'র মোবাইল কোর্ট এবং মন্ত্রণালয়ের ভিজিলেন্স টিম সমন্বিতভাবে গত ৩১.০৩.২০২২ তারিখ মতিঝিল এলাকায় বিআরটিসি বাসের সেবাদান কার্যক্রম পরিদর্শন করেন। অভিযুক্ত গাড়ির নম্বরসহ বিস্তারিত অভিযোগ বিআরটিএ হতে বিআরটিসিকে সরবরাহ করা হয়েছে। মার্চ ২০২২ মাসে ০৩টি বিআরটিসি বাসে (ঢাকা মেট্রো-ব-১৫-৬৩৮০, ঢাকা মেট্রো-ব-১৫-৫৫০২ ও ঢাকা মেট্রো-ব-১৫-৫৯৫০) ০৩টি মামলায় ৩০০০/-(তিন হাজার) টাকা জরিমানা করা হয়েছে। বিআরটিসি প্রতিনিধি জানান, সংশ্লিষ্ট ডিপো ম্যানেজারদের অবহিত করা হয়েছে এবং কারণ দর্শানো হয়েছে। | (ক) বিআরটিএ'র মোবাইল কোর্ট এবং মন্ত্রণালয়ের ভিজিলেন্স টিম সমন্বিতভাবে বিআরটিসি বাসের সেবাদান কার্যক্রম চলতি সপ্তাহে এবং পরবর্তী সপ্তাহে পরিদর্শন করবেন। | চেয়ারম্যান, (বিআরটিএ/ বিআরটিসি)/ যুগ্মসচিব (বিআরটিসি) |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | (খ) ভিজিলেন্স টিমের সদস্য জনাব মুহাম্মদ আব্দুর রহিম সুজন, সিনিয়র সহকারী সচিব জানান, গত ৩১.০৩.২০২২ তারিখে মতিঝিল এলাকায় বিভিন্ন রুটের ১৩টি (দ্বিতলা ও এসিবাস) বাস পরিদর্শন করা হয়। একতলা বাসের অবস্থা কিছুটা সন্তোষজনক হলেও গাজীপুর-গুলিস্তান, চিটাগাং রোড-কলেজগেট রুটে চলাচলকারী দ্বিতল বাসগুলোর মান সন্তোষজনক নয়। অধিকাংশ গাড়ির পরিচ্ছন্নতার মান খারাপ। এছাড়া, কিছু গাড়ীর ফ্যান বিকল বা খুলে নেয়া হয়েছে, ইন্ডিকেটর লাইট নষ্ট, গাড়ীর নম্বর ও ড্রাইভারের ছবি সম্বলিত পরিচিতি কার্ড দৃশমান স্থানে রাখা হয়নি। বিষয়গুলো ডিপো ম্যানেজারদের তাৎক্ষনিক জানানো হয়েছে। এ বিষয়ে সভাপতি অসন্তোষ প্রকাশ করেন এবং চলতি সপ্তাহে এবং পরবর্তী সপ্তাহে ভিজিলেন্স টিমের পরিদর্শন কার্যক্রম পরিচালনার জন্য পরামর্শ প্রদান করেন। পরিদর্শন কালীন এ ধরণের অসঙ্গতি পাওয়া গেলে বিআরটিএ'র মোবাইল কোর্টের মাধ্যমে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, বিআরটিএকে পরামর্শ প্রদান করা হয়। | (খ) বিআরটিসি'র বাসে অব্যবস্থাপনা পরিলক্ষিত হলে বিআরটিএ'র মোবাইল কোর্ট কর্তৃক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/ বিআরটিসি |
| ১১. | **সরকারের বিশেষ উদ্যোগসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা :**<br>**Grievance Redress System (GRS) :**<br>মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটের মাধ্যমে ০২টি এবং এ বিভাগের অনলাইনের মাধ্যমে ০৬টি অভিযোগ/মতামত পাওয়া গেছে। উল্লিখিত ০৮টি অভিযোগের মধ্যে ০৬টি নিষ্পত্তি করা হয়েছে। অবশিষ্ট ০২টির মধ্যে গাছ কর্তন বিষয়ে সওজ সংশ্লিষ্ট ১টি ও প্রশিক্ষণ গ্রহণ করে টাকা না পাওয়া বিষয়ে বিআরটিসি'র ১টি অভিযোগ/মতামতের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা বরাবরে প্রেরণ করা হয়েছে। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা, ২০১৫ অনুসরণে অভিযোগ নিষ্পত্তি কার্যক্রম অব্যাহত রাখতে হবে | দপ্তর/সংস্থা প্রধান/ GRS ফোকাল পয়েন্ট কর্মকর্তা/সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| | **Public Service Innovation:**<br>উপসচিব (টোল ও এক্সেল) জানান,<br>(ক) বর্ণিত এ্যাপসটি বর্তমানে কুড়িল-গাউসিয়া ও ঢাকা-নারয়ণগঞ্জ ২টি রুটে কার্যকর রয়েছে। আরো ৬টি রুটে আগামী জুন ২০২২ নাগাদ এ এ্যাপসের আওতায় আনয়ন কার্যক্রম সম্পন্ন করার প্রক্রিয়া চলমান রয়েছে। এ বিষয়ে ভেন্ডরের সাথে আলোচনা হয়েছে। বর্তমানে কার্যকর ২টি রুটে এ্যাপসের সেবা কার্যক্রম সরেজমিন পরিদর্শনের জন্য বিআরটিসি বাস ও যাত্রীসেবা পরিবীক্ষণের জন্য গঠিত ৩টি ভিজিলেন্স টিমের সদস্যদের পরামর্শ দেন এবং আগামী সভার পূর্বে আরো ২/১টি রুট এ্যাপসের আওতায় আনার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। এছাড়া, নতুন ৬টি রুটের নাম আগামী সভাকে অবহিত করার জন্য চেয়ারম্যান, বিআরটিসিকে পরামর্শ প্রদান করা হয়। | (ক) (১) চলমান ২টি রুটে মোবাইল এ্যাপস 'আমাদের বিআরটিসি'র কার্যকারিতা সরেজমিনে দেখতে হবে।<br>(ক) (২) আগামী সভার পূর্বে আরো ২/১টি রুট এ্যাপসের আওতায় আনতে হবে এবং নতুন ৬টি রুটের নাম আগামী সভায় অবহিত করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন)/ উপসচিব (টোল ও এক্সেল) |
| | (খ) ডাটা মাইগ্রেশন কার্যক্রম চলমান রয়েছে। ডাটা মাইগ্রেশনপূর্বক সিস্টেম ডেভেলপমেন্টের কাজ শেষ করে যে কোন সার্কেল থেকে ড্রাইভিং লাইসেন্স নবায়নের কাজ শুরু করা হবে। সভাপতি অবহিত করে বলেন, দীর্ঘদিন পর্যন্ত বিষয়টি একই অবস্থায় রয়েছে, এ বিষয়ে কার্যত কোনো উন্নতি নেই। তাই বিআরটিএ হতে বিশেষ কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। আগামী সভার পূর্বেই সভাপতি দৃশ্যত একটি অগ্রগতি আশা করেন। | (খ) যে কোন সার্কেল থেকে ড্রাইভিং লাইসেন্স নবায়নের কাজ শুরুর বিষয়ে আগামী সভার পূবেই দৃশ্যমান অগ্রগতি আনতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/ উপসচিব (টোল ও এক্সেল) |
| | (গ) নির্বাহী পরিচালক, ডিটিসিএ জানান, "ট্রাফিক সার্কুলেশন ছাড়পত্র সেবা অনলাইনকরণ" বিষয়ে প্রচার প্রচারণা অব্যাহত রয়েছে। সর্বশেষ এ বিষয়ে নির্মিত ভিডিও চিত্র DTCA-এর ফেসবুক ও ইউটিউব চ্যানেলে প্রকাশ করা হয়েছে। সরকারি টিভি চ্যানেল বিটিভি'তে প্রচারের উদ্দেশ্যে নির্মিত বিজ্ঞাপণচিত্রটি ডিভিডি আকারে বিটিভিতে প্রেরণ করা হয়েছে। | (গ) ট্রাফিক সার্কুলেশন ছাড়পত্র প্রদান কার্যক্রম অনলাইনে সম্পন্ন করার বিষয়টি ব্যাপকভাবে প্রচার অব্যাহত রাখতে হবে। | নির্বাহী পরিচালক, ডিটিসিএ/ উপসচিব (টোল ও এক্সেল) |
| | (ঘ) এ বিভাগ ও এর আওতাধীন সংস্থাসমূহের বাস্তবায়নাধীন আইডিয়াসমূহের বিষয়ে অতিরিক্ত সচিব এর সভাপতিত্বে সভা করে বিস্তারিত তথ্য উপাত্ত আগামী সভায় উপস্থাপনের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। একইসাথে ইনোভেশন সংশ্লিষ্ট কর্মকর্তা উপসচিব (টোল ও এক্সেল)-কে দপ্তর/সংস্থার সাথে যোগাযোগপূর্বক আইডিয়াসমূহের সর্বশেষ অগগ্রতি জানার জন্য নির্দেশনা প্রদান করা হয়।<br>(ঘ) (২) ইনোভেশন আইডিয়া সংক্রান্ত প্রকাশনা প্রনয়নের লক্ষ্যে ০৯.০৩.২০২২ তারিখের ইনোভেশন টিমসমূহের সভায় একটি কমিটি গঠনের সিদ্ধান্ত হয়। সিদ্ধান্ত অনুযায়ী ইতোমধ্যে কমিটি গঠন করা হয়েছে। শীঘ্রই এ সংশ্লেষে সভা আহবান করা হবে। | (ঘ) এ বিভাগ ও এর আওতাধীন সংস্থাসমূহের বাস্তবায়নাধীন আইডিয়াসমূহের বিষয়ে অতিরিক্ত সচিব এর সভাপতিত্বে সভা করে বিস্তারিত তথ্য উপাত্ত আগামী সভায় উপস্থাপন করতে হবে এবং দপ্তর/সংস্থার সাথে যোগাযোগপূর্বক আইডিয়াসমূহের সর্বশেষ অগগ্রতি জানতে হবে।<br>(ঘ) (২) শীঘ্রই সভা করে ইনোভেশন আইডিয়া সংক্রান্ত প্রকাশনা প্রনয়নের কার্যক্রম শুরু করতে হবে। | অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট)/ উপসচিব (টোল ও এক্সেল) |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **ই-ফাইল বাস্তবায়ন কার্যক্রম:**<br>সিনিয়র সিস্টেম এনালিস্ট জানান, ই-নথির কার্যক্রম বেগবান করার লক্ষ্যে যুগ্মসচিব (প্রশাসন) এর সভাপতিত্বে ০৪.০৪.২০২২ তারিখে এ বিভাগের প্রশাসনিক/ব্যক্তিগত কর্মকর্তাদের নিয়ে পর্যালোচনা সভা করা হয়। শীঘ্রই পুনরায় এও/পিওদের নিয়ে সভা আহবান করা হবে। | ই-নথির কার্যক্রম বেগবান করতে সকল ধরণের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন)/ সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| ১২. | **বিবিধ:**<br>**ক. ডিও পত্রের ওপর কার্যক্রম গ্রহণ:**<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতায় বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্প সম্পর্কিত মাননীয় মন্ত্রী, প্রতিমন্ত্রী, উপমন্ত্রী ও সংসদ সদস্যবৃন্দসহ অন্যান্যদের নিকট হতে প্রাপ্ত ডি.ও পত্রের আলোকে কার্যক্রম অব্যাহত আছে। | ডি.ও পত্রের ওপর মন্ত্রণালয় হতে কার্যক্রম অব্যাহত রাখতে হবে | প্রধান প্রকৌশলী, সওজ/অতিরিক্ত সচিব (উন্নয়ন/ পরিকল্পনা) |
| | **খ. মহাসড়কে টোল আদায় পদ্ধতি চালুকরণ:**<br>উপসচিব (টোল ও এক্সেল) জানান,<br>(১) ঢাকা - মাওয়া - ভাঙ্গা এক্সপ্রেসওয়ে-তে টোল হার নির্ধারণের প্রস্তাব সওজ হতে চলতি সপ্তাহে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে এবং এ বিষয়ে ২৪.০৪.২০২২ তারিখে একটি সভা আহবান করা হয়েছে।<br><br>(২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং জানান, মেঘনা-গোমতী সেতুর টোল আদায়ের জন্য সার্ভিস প্রোভাইডার নিয়োগের লক্ষ্যে দরপত্র আহবান করা হয়েছে। ঠিকাদার হতে দরপত্র গ্রহণ করা হয়েছে। মূল্যায়ন কার্যক্রম শেষে তা অনুমোদনের জন্য মন্ত্রালয়ে প্রেরণ করা হবে।<br><br>(৩) সাসেক-২ এর আওতায় টোল প্লাজা নির্মাণের লক্ষ্যে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। সাসেক-২ এর নকশা অনুযায়ী সাসেক-১ এ টোল প্লাজা নির্মাণের প্রাক্কলন প্রস্তুতের কাজ চলমান রয়েছে।<br><br>(৪) নির্মিতব্য বিশ্রামাগারের রক্ষণাবেক্ষণ ও পরিচালনা নির্দেশিকা চূড়ান্ত করে সওজ অধিদপ্তর হতে ১১.০৪.২০২২ তারিখে এ বিভাগে প্রেরণ করা হলে এখনও মন্ত্রণালয়ে পাওয়া যায়নি। কুমিল্লার নিমসারে স্থাপিত বিশ্রামাগার পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য সার্ভিস প্রোভাইডার নিয়োগের লক্ষ্যে ০৫.০৪.২০২২ তারিখে দরপত্র আহবান করা হয়েছে এবং পাবনায় স্থাপিত বিশ্রামাগারের জন্য ১৯.০৪.২০২২ তারিখে দরপত্র আহবান করা হবে। | (১) টোল হার নির্ধারণের জন্য সংশ্লিষ্টদের নিয়ে সভা করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>(২) মেঘনা-গোমতী সেতুর টোল আদায়ের জন্য সার্ভিস প্রোভাইডার নিয়োগের দরপত্র মূল্যায়ন শেষে অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br><br>(৩) সাসেক-১ এ টোল প্লাজা নির্মাণের প্রাক্কলন প্রস্তুতের কাজ সম্পন্ন করতে হবে।<br><br>(৪) (১) বিশ্রামাগারের রক্ষণাবেক্ষণ ও পরিচালনার জন্য সওজ কর্তৃক প্রস্তুতকৃত নির্দেশিকার ওপর মন্ত্রণালয় হতে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>(৪) (২) কুমিল্লা ও পাবনাতে নির্মিত বিশ্রামাগার রক্ষণাবেক্ষণ ও পরিচালনার লক্ষ্যে সার্ভিস প্রোভাইডার নিয়োগের জন্য টেন্ডার প্রক্রিয়া যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/উপসচিব (টোল ও এক্সেল) |
| | **গ. অধীনস্থ সংস্থাসমূহের আইটি অডিট**<br>উপসচিব (টোল ও এক্সেল) জানান, শাহ আমানত সেতু এবং রূপসা সেতু টোল প্লাজায় ২০২১-২২ অর্থবছরের মধ্যে আইটি অডিট কার্যক্রম সম্পন্ন করতে কম্পিউটার কাউন্সিলকে ইতোমধ্যে পত্র দেয়া হয়েছে। বিআরটিএ'র একটি আইটি চলমান রয়েছে। এটি সম্পন্ন করেই শাহ আমানত সেতু এবং রূপসা সেতুর আইটি অডিট কার্যক্রম সম্পন্ন করবে মর্মে কম্পিউটার কাউন্সিলের পক্ষ হতে জানানো হয়েছে। | শাহ আমানত সেতু এবং রূপসা সেতু টোল প্লাজায় আইটি অডিট কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে কম্পিউটার কাউন্সিলের সাথে যোগাযোগ রাখতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/উপসচিব (টোল ও এক্সেল) |
| | **ঘ. Unified টোল কালেকশন সিস্টেম (Uniform Method) বাস্তবায়ন:**<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বুয়েট, বিসিসি ও সওজ এর আইসিটি প্রতিনিধিদের সমন্বয়ে Unified Toll Collection System এর Hardware Specification এর যথার্থতা যাচাই কার্যক্রম চলমান আছে। এ বিষয়ে অদ্য তারিখে একটি সভা আহবান করা হয়েছে। ইতোমধ্যে ৪টি সভা অনুষ্ঠিত হয়েছে। আগামী ০৭.০৫.২০২২ তারিখের মধ্যে Hardware Specification এর কাজ সম্পন্ন করার জন্য ইতোমধ্যে নির্দেশনা দেয়া হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে এটি সম্পন্ন করার জন্য সভাপতি সওজ অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করেন।<br>সিনিয়র সিস্টেম এনালিস্ট আরো জানান, Hardware Specification চূড়ান্ত হলে Hardware ক্রয় প্রক্রিয়া করা হবে। উল্লেখ্য যে, উক্ত Hardware ব্যবহার করে ৩ টি (মেঘনা-গোমতী, লালন শাহ সেতু (পাবনা) ও চট্টগ্রাম পোর্ট এক্সেস রোড) টোল প্লাজায় Unified Toll Collection System পাইলটিং করা হবে। পাইলটিং কার্যক্রম সম্পন্ন হলে সারাদেশে এর ব্যবহার করা হবে। | Hardware Specification এর কাজ আগামী ০৭.০৫.২০২২ তারিখের মধ্যে সম্পন্ন করে ক্রয় প্রক্রিয়া শুরু করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/উপসচিব (টোল ও এক্সেল)/সিনিয়র সিস্টেম এনালিস্ট |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **ঙ. ডিটিসিএ ভবন নির্মাণ সংক্রান্ত:**<br>নির্বাহ পরিচালক, ডিটিসিএ জানান, সওজ অধিদপ্তরের তত্ত্বাবধানে ডিটিসিএ ভবন নির্মাণ কাজ চলমান রয়েছে। গত নভেম্বর ২০২১ মাসে নতুন ভবনে ডিটিসিএ স্থানান্তরিত হওয়ার কথা থাকলেও ঠিকাদারের গাফিলতির কারণে এখনও সম্ভব হয়নি। বিষয়টি কেন বিলম্বিত হচ্ছে তা দেখার জন্য তিনি প্রধান প্রকৌশলী, সওজ এর দৃষ্টি আকর্ষণ করেন এবং বিশেষ উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ করেন। ঠিকাদার ডেকে প্রধান প্রকৌশলী বিষয়টি আলোচনা করবেন এবং খুব অল্প সময়ের মধ্যে যাতে নতুন ভবনে ওঠা সম্ভব হয় এ বিষয়ে তিনি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন মর্মে প্রধান প্রকৌশলী সভাকে অবহিত করেন। | ঠিকাদারের সাথে দ্রুত আলোচনা করে অসমাপ্ত কাজ সম্পন্ন করে নির্দিষ্ট সংখ্যক ফ্লোর ২/১ মাসের মধ্যে ডিটিসিএকে বুঝিয়ে দিতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/নির্বাহী পরিচালক, ডিটিসিএ |
| | **চ. এ বিভাগ ও দপ্তর/সংস্থার শূন্যপদ পূরণ সংক্রান্ত:**<br>শূন্যপদ পূরণে দপ্তর/সংস্থা কর্তৃক গৃহীত কার্যক্রম নিম্নরূপ:<br>**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ:**<br>যুগ্মসচিব (প্রশাসন) জানান, এ বিভাগের ২৩৯টি পদের মধ্যে ৫১টি (১ম শ্রেণির ২৭টি, ২য় শ্রেণির ১০টি, ৩য় শ্রেণির ১০টি ও ৪র্থ শ্রেণির ০৬টি) শূন্যপদ রয়েছে। ১ম শ্রেণির সহকারী প্রোগ্রামার এর ১টি পদ পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য এবং ১টি পদে সরাসরি নিয়োগের জন্য গত ২৮.১২.২০২০ ও ২০.০১.২০২১ তারিখে বিপিএসসিতে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। ২য় শ্রেণির ১০টি পদের মধ্যে ব্যক্তিগত কর্মকর্তার ৪টি পদে সরাসরি নিয়োগের জন্য ০২/০৯/২০১৯ তারিখে বিপিএসসিতে প্রস্তাব প্রেরণ করা হয়। পরবর্তীতে ২২/১২/২০২০ তারিখে তাগিদপত্র প্রেরণ করা হয়। পদোন্নতি কোটার প্রশাসনিক কর্মকর্তার ০৪টি পদ পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়ার পর পূরণ করা হবে। এছাড়া প্রশাসনিক কর্মকর্তা ০১টি ও ব্যক্তিগত কর্মকর্তা ০১টি মোট ০২টি পদ সংরক্ষিত আছে। ৩য় শ্রেণির শূন্য পদ পূরণের লক্ষ্যে এ বিভাগ কর্তৃক নিয়োগের সকল কার্যক্রম সম্পন্নের পর চূড়ান্তভাবে সুপারিশকৃত ১৪ জন প্রার্থীর মধ্যে ১৩ জন প্রার্থী গত ১৫.১২.২০২১ তারিখে যোগদান করে। ০১টি পদ সংরক্ষণ ও সুপারিশকৃত ০১ জন প্রার্থী যোগদান না করায় এবং উক্ত নিয়োগ চলাকালীন/নিয়োগ সম্পন্নের পর পদোন্নতি, মৃত্যুজনিত কারণে সরাসরি/পদোন্নতি কোটার মোট ১০টি পদ শূন্য হয়। ৪র্থ শ্রেণির শূন্য পদ পূরণের লক্ষ্যে এ বিভাগ কর্তৃক চূড়ান্তভাবে সুপারিশকৃত ১৪ জন প্রার্থীর মধ্যে ১১ জন প্রার্থী গত ১৫.১২.২০২১ তারিখে যোগদান করে। ০২টি পদ সংরক্ষণ ও সুপারিশকৃত ০৩ জন প্রার্থী যোগদান না করায় এবং উক্ত নিয়োগ চলাকালীন/নিয়োগ সম্পন্নের পর পদোন্নতিজনিত কারণে মোট ০৬টি পদ শূন্য হয়। বর্তমানে ৪র্থ শ্রেণির আরও ০৭টি পদ সৃজনের কার্যক্রম চলমান রয়েছে। ২০২১-২০২২ অর্থবছরে এ বিভাগে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করায় একই অর্থবছরে পুনরায় নিয়োগ কার্যক্রম গ্রহণ করা সম্ভবপর নয়। | (১) শূন্যপদ পূরণের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>(২) Timeline ভিত্তিক শূন্যপদ পূরণ সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/অতিরিক্ত সচিব (প্রশাসন) /নির্বাহী পরিচালক, ডিটিসিএ/ চেয়ারম্যান (বিআরটিএ/ বিআরটিসি) |
| | **ডিটিসিএ:** ডিটিসিএ'র ২১২টি পদের মধ্যে ১১৫টি পদ শূন্য রয়েছে। অতিরিক্ত নির্বাহী পরিচালক (পলিসি অ্যান্ড প্ল্যানিং), ট্রেনিং এ্যাডভাইজার, সিনিয়র সিস্টেম এনালিস্ট পদে প্রেষণে কর্মকর্তা পদায়নের জন্য ডিটিসিএ'র প্রস্তাবের প্রেক্ষিতে মন্ত্রণালয় হতে ১৪.০২.২০২২ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হয়েছে। শূন্য পদের মধ্যে প্রেষণযোগ্য ৪র্থ ও ৫ম গ্রেডভূক্ত (৩+৬) ৯টি পদে প্রেষণে কর্মকর্তা পদায়নের জন্য গত ২৪/০১/২০২২ তারিখে এ বিভাগকে অনুরোধ জানিয়ে পুনরায় পত্র প্রেরণ করা হয়েছে। ৫ম হতে ৯ম গ্রেডভুক্ত ১৮টি বিভিন্ন পদে মোট ১৮ জন কর্মকর্তা নিয়োগের লক্ষ্যে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। লিখিত পরীক্ষা আয়োজনের জন্য বুয়েটের সাথে যোগাযোগ অব্যাহত আছে। ০৭-১৭ গ্রেডভূক্ত ৩১টি বিভিন্ন পদে ৪২ জন জনবলের মধ্যে ৩২ জন জনবল নিয়োগ সম্পন্ন হয়েছে। আউটসোর্সিং পদ্ধতির মাধ্যমে সৃজিত ২০টি অফিস সহায়ক পদের মধ্যে মামলায় অন্তর্ভুক্ত ৭টি অফিস সহায়ক পদ ব্যতীত ১৩টি অফিস সহায়ক পদ অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজনের সম্মতি গ্রহণের লক্ষ্যে নির্ধারিত চেকলিস্ট অনুযায়ী প্রস্তাব গত ২১.০১.২০১৫ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয় প্রেরণ করা হলে ৮টি পদের সম্মতি প্রদান করে। অর্থ বিভাগের শর্তানুসারে অফিস সহায়ক ৮টি পদ অস্থায়ীভাবে রাজস্ব খাতে সৃজনের লক্ষ্যে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সদয় বিবেচনা ও সুপারিশ গ্রহণের লক্ষ্যে প্রস্তুতকৃত সার-সংক্ষেপ গত ০৪.০১.২০২২ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হয়েছে। এছাড়া, অর্থ বিভাগের সম্মাতি হতে বাদ পড়া ৫টি পদ রাজস্বখাতে সৃজনের পুন:প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের লক্ষ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হয়েছে। নির্বাহী পরিচালক সভাকে জানান, ডিটিসিএ'র গুরুত্বপূর্ণ পদগুলোতে জনবল না থাকায় স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হচ্ছে। প্রেষণে পূরণযোগ্য পদগুলোতে দ্রুত কর্মকর্তা পদায়ন করা প্রয়োজন। এ বিষয়ে এ বিভাগ হতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগপূর্বক সচিব মহোদয় কর্তৃক ডি.ও পত্র প্রেরণ করা হলে এ সমস্যার সমাধান হতে পারে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। | প্রেষণে পদায়নযোগ্য ডিটিসিএ'র গুরুত্বপূর্ণ পদগুলো পূরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করতে হবে এবং সচিব মহোদয় কর্তৃক জনপ্রশাসন সচিব বরাবর ডি.ও পত্র প্রেরণ করতে হবে। | |
| | **বিআরটিসি:** ৫৮৯৩টি পদের মধ্যে ২৪৪৭টি শূন্য রয়েছে। পার্চেজ অফিসার ৪টি প্রশাসনিক কর্মকর্তা ১টি, সহকারী পরিসংখ্যান কর্মকর্তা ১টি, ফোরম্যান-০১টি, উপসহকারী প্রকৌশলী-০২টি পদে জনবল নিয়োগের কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত হয়েছে। অফিস সহকারী-কাম কম্পিউটার অপারেটর-১৭টি পদে নিয়োগের লক্ষ্যে ১৩.০১.২০২১ তারিখে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। তৎপ্রেক্ষিতে ৩৯৬৮টি আবেদন জমা হয়েছে। ০৮.০৪.২০২২ তারিখে নিয়োগ পরীক্ষার অনুষ্ঠিত হয়েছে। কন্ডাকটর ২০০টি পদে নিয়োগের লক্ষ্যে ১৩.০১.২০২২ তারিখ পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। | নিয়োগ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তব[illegible]কারী |
|---|---|---|---|
| | **বিআরটিএ:** ৮২৩টি পদের মধ্যে ১১২টি পদ শূন্য রয়েছে। পদোন্নতি কোটায় রেভিনিউ কর্মকর্তার ০১টি, সহকারী পরিচালক (সাধারণ) এর ১০টি, সহকারী পরিচালক (ইঞ্জি:) এর ০৬টি পদ পূরণের জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। এছাড়া, উপপরিচালক (ইঞ্জি:) এর ০২টি ও উপপরিচালক (অপারেশন) এর ০১টি পদ পদোন্নতির মাধ্যমে পূরণের জন্য প্রস্তাব প্রেরণের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। ১ম শ্রেণীর উপপরিচালক (আইন) এর ০১টি, সহকারী পরিচালক (ইঞ্জি:) এর ৪টি, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার এর ১টি পদ এবং ২য় শ্রেণীর মোটরযান পরিদর্শক এর ১০টি শূন্য পদে সরাসরি নিয়োগের নিমিত্ত পিএসসি'র সুপারিশ গ্রহণের জন্য গত ১৬.০৩.২০২২ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। বিভিন্ন ক্যাটাগরির ৩য় ও ৪র্থ শ্রেণীর ২২টি শূন্য পদে নিয়োগের নিমিত্ত বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। | সরাসরি ও পদোন্নতিযোগ্য পদগুলো পূরণের লক্ষ্যে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | |
| | **সওজ অধিদপ্তর:** সড়ক ও জনপথ অধিদপ্তরের ৯৪৩১টি পদের মধ্যে ৪৭৭২টি শূন্য পদ রয়েছে। ৪০তম বিসিএস এর মাধ্যমে ৯ম গ্রেডভূক্ত সরাসরি নিয়োগযোগ্য সহকারী প্রকৌশলী এর ১৮টি শূন্য পদ পূরণের নিমিত্তে পিএসসি কর্তৃক চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হয়েছে (সিভিল-৩ ও যান্ত্রিক-১৫)। ৪১তম, ৪৩তম ও ৪৪তম বিসিএস এর মাধ্যমে মোট ৬২জন ৯ম গ্রেডভূক্ত সহকারী প্রকৌশলী পদে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। উপ-সহকারী প্রকৌশলী (সিভিল/যান্ত্রিক) হতে পদোন্নতি কোটায় প্রাপ্ত সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) পদে ৪ জনকে ০৬.০৪.২০২২ তারিখে পদোন্নতি প্রদান করা হয়েছে এবং সহকারী প্রকৌশলী (সিভিল) পদে ১২ জনের পদোন্নতি প্রস্তাব ১১.০৪.২০২২ তারিখে পিএসসিতে প্রেরণ করা হয়েছে।<br><br>২য় শ্রেণির ২৪৪টি পদের মধ্যে পিএসসি'র মাধ্যমে সুপারিশপ্রাপ্ত উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) এর ৮১টি পদে প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষা ও পুলিশি তদন্ত প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট দপ্তরে পত্র প্রেরণের কার্যক্রম চলমান। উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) এর ১১টি পদ পূরণের জন্য পিএসসি-তে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।<br><br>৩য় শ্রেণির ২৭৮৯টি পদের মধ্যে কার্যসহকারী এর ১৭৪টি পদে লিখিত পরীক্ষা গ্রহণের কার্যক্রম চলমান। গবেষণা সহকারী এর ০১টি পদ পূরণের নিমিত্ত পুলিশি তদন্ত প্রতিবেদন ও স্বাস্থ্য পরীক্ষার জন্য পত্র প্রেরণ করা হয়েছে। আরবরিকালচার সেকশনাল অফিসার এর ০১টি পদ পূরণের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে। সিনিয়র একাউন্টস ক্লার্ক এর ৬৫টি পদ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার দপ্তর থেকে প্রেষণের মাধ্যমে পূরণ করা হয়ে থাকে। এছাড়া, অন্যান্য পদসমূহে রীট মামলা থাকায় নিয়োগ প্রক্রিয়া গ্রহণের জন্য ছাড়পত্র গ্রহণ করা যাচ্ছে না।<br><br>৪র্থ শ্রেণির ১৫৪৮ টি পদের মধ্যে অফিস সহায়ক এর ৬৬টি পদে লিখিত পরীক্ষা গ্রহণের কার্যক্রম চলমান। এছাড়া, অন্যান্য পদসমূহে রীট মামলা থাকায় নিয়োগ প্রক্রিয়া গ্রহণের জন্য ছাড়পত্র গ্রহণ করা যাচ্ছে না। | নিয়োগ কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) এর ৮১টি পদে প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষা ও পুলিশি তদন্ত প্রতিবেদনের জন্য সংশ্লিষ্ট পুলিশ বিভাগের সাথে যোগাযোগ করতে হবে। | |
| | **ছ. মাননীয় মন্ত্রী মহোদয়ের পর্যবেক্ষণ/নির্দেশনা**<br>এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার কার্যক্রম সম্পর্কে মাননীয় মন্ত্রী ৯টি গুরুত্বপূর্ণ নির্দেশনা প্রদান করেন। এর মধ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ১টি, সওজ অধিদপ্তরের ৪টি, বিআরটিএ'র ২টি, ডিটিসিএ'র ১টি নির্দেশনা রয়েছে। ইতোমধ্যে সওজ এর ২টি নির্দেশনা বাস্তবায়িত হয়েছে। গুরুত্বপূর্ণ নির্দেশনাসমূহের বাস্তবায়ন কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি নিম্নরূপ:<br><br>**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ:**<br>**নির্দেশনা ১:** ইজিবাইক, নসিমন, করিমন, লেগুনা বা ব্যাটারি চালিত ছোট ছোট যানসমূহ নিয়ন্ত্রণের জন্য জরুরিভিত্তিতে বিআরটিএ এবং পরিবহন বিশেষজ্ঞ ব্যক্তিবর্গের সাথে পর্যালোচনাক্রমে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ একটি নীতিমালা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করবে এবং এক মাসের মধ্যে নীতিমালার খসড়া প্রণয়ন সম্পন্ন করবে।<br><br>**বাস্তবায়ন অগ্রগতি:** সহকারী সচিব, বিআরটিএ জানান, থ্রি-হুইলার ও সমজাতীয় মোটরযানের সুষ্ঠু ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ নীতিমালা-২০২২ এর খসড়ার ওপর বিভিন্ন মন্ত্রালয়/বিভাগ ও ব্যক্তির নিকট হতে প্রাপ্ত মতামতের আলোকে প্রস্তুতকৃত খসড়ার ওপর ১৩.০৩.২০২২ তারিখে সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী খসড়াটি চূড়ান্ত করা হচ্ছে। অতিরিক্ত সচিব (এস্টেট) দেশে ফেরার পর সচিব মহোদয়ের সভাপতিত্বে আন্ত:মন্ত্রণালয় সভা আহবান করা হবে। | নীতিমালা চূড়ান্ত করার লক্ষ্যে আন্ত:মন্ত্রণালয় সভা আহবান করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/ অতিরিক্ত সচিব (এস্টেট) |
| | **নির্দেশনা ২:** কক্সবাজার-টেকনাফ মেরিন ড্রাইভ সড়কের প্রশস্ততা বৃদ্ধি করতে হবে এবং এ সড়কে লাইটিং এর ব্যবস্থা সংযোজনের নিমিত্ত প্রকল্প কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করে পর্যটন বান্ধব করতে হবে।<br><br>**বাস্তবায়ন অগ্রগতি:** উপসচিব (প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন শাখা) জানান, পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী গত ২৭/০১/২০২২ তারিখে পুনর্গঠিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। এ মাসের শেষে একনেক সভায় উত্থাপনের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। | একনেক সভায় উত্থাপনের জন্য পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রাখতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ |
| | **নির্দেশনা ৩:** দীর্ঘসূত্রিতা কাটিয়ে অবিলম্বে চট্টগ্রাম-কক্সবাজার এবং ঢাকা-সিলেট জাতীয় মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণের কাজ ত্বরান্বিত করতে হবে।<br><br>**বাস্তবায়ন অগ্রগতি:** প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর জানান-<br>(ক) চট্টগ্রাম - কক্সবাজার জাতীয় মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণের লক্ষ্যে গৃহীত সংশ্লিষ্ট প্রকল্পসমূহের কাজ যথাসময়ে সম্পন্ন করার জন্য যথাযথ উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | ক. চট্টগ্রাম - কক্সবাজার জাতীয় মহাসড়ক উন্নয়নের | |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | (খ) ঢাকা-সিলেট জাতীয় মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণ প্রকল্পের কাজ ১২টি প্যাকেজের মাধ্যমে করা হবে। ১২টি প্যাকেজর টেন্ডার কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ২টি প্যাকেজের টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। পাশাপাশি ভূমি অধিগ্রহণ কার্যক্রম চলমান আছে। | লক্ষ্যে গৃহীত সংশ্লিষ্ট প্রকল্পসমূহ যথাসময়ে সম্পন্ন করতে হবে।<br>খ. ঢাকা-সিলেট জাতীয় মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণ প্রকল্প কাজের ১২টি প্যাকেজের টেন্ডার কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/ উপসচিব (টোল ও এক্সেল) |
| | **নির্দেশনা ৪:** দাউদকান্দি টোল প্লাজায় স্থাপিত অ্যাপস্ ভিত্তিক ইলেকট্রনিক টোল কালেকশন (ETC) এর ব্যবহার জনপ্রিয় করার লক্ষ্যে প্রচারণার ওপর গুরুত্বারোপ করতে হবে। এছাড়াও যে সকল ব্রিজে এ্যাপস্ ভিত্তিক ইলেকট্রনিক টোল কালেকশন সংস্থাপন করা সম্ভব সেগুলোতে ব্যবস্থাটি চালু করার উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>**বাস্তবায়ন অগ্রগতি:** উপসচিব (টোল ও এক্সেল) জানান, অ্যাপসভিত্তিক ইলেকট্রনিক টোল কালেকশন (ETC) এর ব্যবহার জনপ্রিয় করার লক্ষ্যে টোল প্লাজাসমূহে লিফলেট বিতরণসহ প্রিন্ট ও ইলেকট্রিক মিডিয়াতে প্রচারণা অব্যাহত রয়েছে। ইলেকট্রনিক টোল কালেকশন সিস্টেম (ETC) এর কারিগরি দিকসহ প্রনোদনা দেয়ার বিষয়ে গত ০৪.০৪.২০২২ তারিখে অর্থ বিভাগে একটি উপস্থাপনা প্রদান করা হয়। অর্থ বিভাগ কর্তৃক ETC ব্যবহারকারীদের জন্য ১০% টোল চার্জ করা হয়েছে। বিষয়টি ব্যাপকভাবে প্রচার করার লক্ষ্যে সওজ অধিদপ্তর হতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন। | অ্যাপসভিত্তিক ইলেকট্রনিক টোল কালেকশন (ETC) এর ব্যবহার জনপ্রিয় করা এবং ETC ব্যবহারের প্রনোদনা দেয়ার বিষয়টি ব্যাপক ভাবে প্রচার করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/ উপসচিব (টোল ও এক্সেল) |
| | <u>বিআরটিএ:</u><br>**নির্দেশনা ৫:** রাইড শেয়ারিং সার্ভিসে ব্যবহৃত মোটরযানে ৯৯৯ ফোন নম্বর ব্যবহারের বিষয়টি শর্তযুক্ত করে ০১.০৭.২০১৯ হতে বিআরটিএ কর্তৃক রাইড শেয়ারিং কোম্পানিসমূহকে লাইসেন্স প্রদান করতে হবে এবং রাইড শেয়ারিং সার্ভিসে ভ্রমণের দূরত্ব অনুযায়ী সর্বোচ্চ ভাড়া নির্ধারণ করে দিতে হবে।<br>**বাস্তবায়ন অগ্রগতি:** ৩০ মার্চ ২০২২ তারিখ পর্যন্ত মোট ১৫টি প্রতিষ্ঠানকে রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠান হিসেবে বিআরটিএ থেকে চূড়ান্ত অনুমোদন প্রদান করা হয়েছে। উক্ত ১৫টি প্রতিষ্ঠানের মধ্যে ১৪টি রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠান বিআরটিএ হতে রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠান এনলিষ্টমেন্ট সার্টিফিকেট প্রাপ্ত হয়েছে। নীতিমালা অনুসরণ করে রাইডশেয়ারিং সার্ভিস পরিচালনা এবং এনলিস্টমেন্ট সার্টিফিকেট প্রদান কার্যক্রম চলমান আছে। উল্লেখ্য ৩০ মার্চ'২২ তারিখ পর্যন্ত ১৪টি রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠানের বিপরীতে মোট ২৮,২৯২টি রাইডশেয়ারিং মোটরযান এনলিস্টমেন্ট সার্টিফিকেট প্রদান করা হয়েছে। অতিরিক্ত ভাড়া আদায়কারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। | নীতিমালা অনুসরণ করে রাইড শেয়ারিং সার্ভিস পরিচালনা এবং এনলিস্টমেন্ট সার্টিফিকেট প্রদান অব্যাহত রাখতে হবে। অতিরিক্ত ভাড়া আদায়কারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/ অতিরিক্ত সচিব (এস্টেট) |
| | **নির্দেশনা ৬:** পরিবহন সেক্টরে শৃঙ্খলা আনয়নের লক্ষ্যে প্রণীত সড়ক পরিবহন আইন, ২০১৮ কার্যকর করার নিমিত্ত এ আইনের অধীন বিধি প্রণয়নের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br>**বাস্তবায়ন অগ্রগতি:** বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে ক্রম ৬(ক)-তে আলোচনা ও সিদ্ধান্ত হয়েছে। তাই পুনরায় আলোচনার প্রয়োজন নেই। | ক্রম ৬ (ক)-তে আলোচনা ও সিদ্ধান্ত হয়েছে। | অতিরিক্ত সচিব (প্রশাসন/এস্টেট) /চেয়ারম্যান, বিআরটিএ/ উপসচিব (আইন) |
| | <u>ডিটিসিএ</u><br>**নির্দেশনা ৭:** ঢাকা মহানগরীর যানজট নিরসন ও পরিবহন ব্যবস্থার উন্নয়ন সংক্রান্ত কমিটির কার্যক্রম আরও শক্তিশালী করার জন্য কমিটিতে মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার বিভাগ ও মাননীয় মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়-কে ডিটিসিএ'র পরিচালনা পর্ষদে অন্তর্ভুক্ত করতে হবে।<br>**বাস্তবায়ন অগ্রগতি:** সহকারী সচিব (ডিটিসিএ) জানান, বাংলাদেশ নগর পরিবহন কর্তৃপক্ষ সমন্বয় আইন, ২০২২ এর খসড়া চূড়ান্ত করার নিমিত্ত ১০/০৪/২০২২ তারিখে সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত আইনের ওপর বিভিন্ন মন্ত্রালয়/বিভাগ/দপ্তর/সংস্থার মতামত গ্রহণ সাপেক্ষে আন্ত:মন্ত্রালয় সভা আহবান করা হবে। | বাংলাদেশ নগর পরিবহন কর্তৃপক্ষ সমন্বয় আইন, ২০২২ এর ওপর বিভিন্ন মন্ত্রালয়/বিভাগ/দপ্তর/সংস্থার মতামত গ্রহন করতে হবে। | নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/ অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট) |

০৩। আলোচ্যসূচিতে আর কোন বিষয় অন্তর্ভুক্ত না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে ও গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অনুরোধ করে সভা সমাপ্ত করেন।

২৫/৪/২০২২

মোঃ নজরুল ইসলাম
সচিব